

BLINDED EYES  
LOOTED DREAMS

100 Selected poems of  
MAHADEV SAHA

Translated by  
Fatema Zohra Haque

Pathak Shamabesh  
Dhaka, Bangladesh  
2002

BLINDED EYES LOOTED DREAMS  
Originally written in Bengali by Mahadev Saha  
Translated in English by Fatema Zohra Haque

First Published in Bangladesh by  
Pathak Shamabesh, February 2002  
Copyright © Fatema Zohra Haque  
First edition © Pathak Shamabesh  
All rights reserved

Pathak Shamabesh Book  
Published in Bangladesh by  
Shahidul Islam Bizu  
Pathak Shamabesh  
17/A (ground Floor) and 27 (First Floor)  
Aziz Market, Shahbag, Dhaka-1000  
Tel : 880-2-9662766  
E-mail : Pathak@bol-online.com  
Website : www.pathakshamabesh.com

Cover : Selim Ahmed

Typeset : M H Milton  
Pathak Shamabesh Computer

Printed in Bangladesh by  
Prottasha Printers, Dhaka.

Bangladesh ISBN 984-8120-44-0

This book is sold with the condition that it shall not, by way of trade or otherwise, be lent, resold, hired out, or otherwise circulated without the publisher's prior consent in any form of binding or cover other than that in which it is published and without a similar condition including this condition being imposed on the subsequent purchaser.

Dedication

To  
my  
Mother

To whom I owe  
not only my birth,  
but also my existence.

Without whom this book  
wouldn't have been *this* book

Contents

Preface	ix-xi
Translator's Note	xiii-xiv
A few words from the poet	xv-xv
Poems Contents	xvii-xxv
Poems	2-237

Preface

Translating Mahadev Saha's poems into English is no easy task—indeed, a less than faithful translation might tone down his appeal, taking away the richness of his poetry and the variety of moods that he evokes in his poems. The passion that his poems generate is practically untranslatable; so are the resonance, the rich cadence and the rhymed elegance of his flowing lines. Saha's lyrics have been described as 'lyrics of feelings'; the world they project is often idyllic and romantic, but behind the usual exuberance of emotion lies the bitterness and desolation that life seems to offer to any feeling individual. Most translations of Mahadev Saha that I have seen so far struggle to recreate these feelings and moods, but fall a short in the end. In translation his brilliance is replaced by what looks like a routine competence, and his magic doesn't appear half as charming. The highly charged moments of his poems that generate multiple meanings cannot be taken over into any other language.

Mahadev Saha, born on 5 August 1944, grew in what was then East Bengal, a part of Pakistan. It was a time when the Bengalee nation had just begun to address the question of its identity. It was a culturally and politically eventful time that prepared the ground for the larger movements of the sixties that eventually culminated in the liberation of Bangladesh in 1971. A Masters in Bangla literature from Rajshahi University, Saha started to write poetry in the 60s, which, by all accounts, was one of the most formative periods in our literature and the arts. The modernist ethos of the 60s created in our poets, writers and artists an urge to excel in all things modern. 'Modernity' was considered an ultimate virtue to be emulated across the board.

Modernism was translated variously as 'flouting of conventions,' a cultured urban sensibility; a rejection of romanticism; alienation and neurosis, and so on. Indeed, writing love poems of strong passion became a suspect, non-modernist act.

Mahadev Saha was sensitive to the idealistic struggles the young people were waging at the time. Politics was something no one could, or even wanted to, stay away from. He himself shared many of the radical ideas that energized the minds of the educated youth, and his poems reflect the aspirations that his countrymen had as well as their pain and frustration when these aspirations could not be met. He was also aware of the modernist demands placed on poets and writers; but what he wrote did not go all the way to meet these demands. His style was more relaxed and easy going than those of others of his generation; his innate romanticism prevented him from a cut and dried approach to life and experience. The centre of his world is occupied by the suffering soul of a poet who is alternately Saha himself, and a demanding lover who thrives in his passion. Saha is pained to see the devastation of the world by war, but is quickly redeemed by his faith in love. Plainly stated, the scheme might seem naive, or overworked, but Saha's ability to turn the most simple experiences into profound truths of perception makes it a fresh encounter each time he works it up in his poetry. Saha is modern by virtue of his understanding of the human situation, his interpretation of the complex ideas and issues of his time and his style that uses the tools and techniques of modern poetry without compromising his originality and the 'romantic' quality of his imagination.

Mahadev Saha has published fifty books of poems. In the years after the liberation, when his first book of poems- *Ei Griha Ei Sanyas* (This home, this renunciation), and *Manob Eshechi Kachhey* (Man, I have come to you) were published, Saha was considered a pathbreaker. His poems were both simple and intricate, passionate and aloof. The suffering soul which wanted to end its pain with a drink of poison (*bish*) also wanted immortality (*amorota*) (*Chai bish, chai amorota* is the title of a 1975 collection). The titles of his books often announce their leading theme: *Ful Koi, Sudhu Astrer Ullash* (1984) (No flower but only the dance of arms); *Ami chhinnavinna* (1986) (I am torn apart); *Sundarer Hate Aj Hatkora, Golaper Biruddhey Huliya* (Beauty is handcuffed today, and a warrant of arrest for the rose).

Fatema Zohra Haque's translation of 100 selected poems of Mahadev Saha does justice to the readability of Saha's poems. She is careful not to overstate the points Saha's poems make or oversaturate them with emotion. She is generally faithful to the original content, the ambience and local colour of the poems. Still, only a part of Saha will be found in *Blinded Eyes, Loafed Dreams*. The passionate, enigmatic, and often ironic Mahadev Saha remains as elusive here as in any other translation.

This, however, should not be seen as a particular fault of Fatema's translation- it is indeed a nearly impossible task to do that. Fatema should rather be credited that, in a representative selection of poems, she has attempted to introduce the readers to one of our front ranking poets. After this introduction, it will be up to the readers to follow him through.

*Syed Manzoorul Islam*  
English Department  
Dhaka University

February, 2002

## Translator's Note

Wise men tell us we should not be envious. And yet I can not help envying those who are confident in their knowledge. For myself, the more I read the less I seem to know, the more I think the less I understand. There was a time when I thought I understood Mahadev Saha's poetry. Today I would blush to make such a claim.

And yet Mahadev Saha continues to fascinate and elude me, and like a foolish lover I can not cure myself of a passion that only lures me into a deeper entanglement. I have often asked myself: what is it that holds me to captive in his poetic charm? Is it the beauties and delicacy of his feelings, the range and vitality of his imagination or his skill in giving them an enduring form? I have not been able to answer the questions. Some may like him for one thing, Some may another and some may not like him at all. But when I ask myself, what is it that I love best in Mahadev Saha the answer that comes is: The lover in him, lover of nature, lover of man, lover of earth, lover of life, lover of death. This lover peep through all the masks he wore. Mahadev Saha is a poet of life. He loves the life which is full of hope and dejection, success and futility. He feels very grateful to the beauty of this world that he has seen in a rainy twilight.

The Bengali Language is arguably the most lyrical in phonetic and syntactic charm. This makes it difficult to translate it into English without some loss of its inherent romanticism. Mahadev Saha's words carry brevity, precision and rich intensity worthy of embellishing ideas that are deep and concentrated, emerging from the silent chamber of self and soul. I have tried to address directly the original words and ideas. I have tried not to distort them with my own interpretation. They are almost literally transported to English without much transformation. Language is painfully inadequate to grasp this phenomenon, which can only be seen with the mind's eyes. Unfortunately, in translation the original sound of hypnotic beats suffers. But the originally intended meanings of the poems must prevail without loss. This I have tried to do as best I could. Poetry is impossible without love: That is what I hope will emerge more strongly than anything else from the poems that follow.

Before translating '100 selected poems' of Mahadev Saha I had translated almost no poetry, and my knowledge of bengali poetry is very limited, and so I needed a lot of reassurance from people who knew Bengali literature well.

My thanks, therefore, to my colleagues Rowshon Ara Islam and Shahrina Chowdhury for commenting on some of my poems and telling me that I should continue with my project. In my search for appropriate words and expressions in the translation, and sometimes in interpreting the thoughts, I have been helped by my colleagues. Professor Syed Manzoorul Islam - my favourite teacher has taken special pains to read the entire set of translations and has made many valuable suggestions toward their improvement. I have no doubt that this is a much better work for his help, although I am alone responsible for its shortcomings. To all of them my gratitude. And finally but immensely I would like to thank my family for their love and support. Amiyo and Anish - my two beloved sons for being mine.

*Fatema Zohra Haque*

English Department

Viqarunnisa Noon School & College

I/A New Baily Road

Dhak.v 1000

February, 2002

*A few words from the poet*

On the occasion of the publication of a book of translation of my poems I feel that I better remain silent, particularly since the translations appear more beautiful than my poem. Both the translator and the publisher of this book want that I say something. But what can I say? I did not have any such plan of my own to bring out an English version of my poems.

Sometime ago the Bangla Academy told me to prepare a manuscript in English. But it did not proceed far. The present translation is a totally new idea. And for this all credit mostly and firstly goes to Fatema Zohra Haque a devoted English teacher and a young poet herself, who is very fond of my poetry for no reason. And she has translated more than 100 poems without my knowledge. I first saw a complete manuscript before it went for printing. I don't even know her personally though now I remember that every year in Bangla Academy Book fair she used to buy my books of poem and took my autograph. I enjoyed her translation and must say this translation is spontaneous, free, smooth and natural. And this has been possible because she herself writes poetry in English. Certainly credit also goes to S. I. Bizu an energetic young publisher who took special interest in publishing this book in a short time. I must extend special thanks to Syed Manzoorul Islam a renowned writer and professor of English Department of Dhaka University who took much pain to go through this book and make some necessary suggestions and write a precious preface. Lastly I can only say I feel happy to see this translation in print. I think my readers will enjoy this book of translation as much as I have enjoyed it.

*Mahadev Saha*  
42, Central Road  
Dhaka

February, 2002

Poems Contents

1. IN THIS LIFE 3  
Tell me,  
এই জীবনে
2. I AM NOT SEEING YOU FOR EONS OF YEARS 5  
I am not seeing you for eons  
এক কোটি বছর তোমাকে দেখি না
3. IT'S BETTER TO STAY APART 7  
It's better to stay apart  
দূরে থাকা ভালো
4. LOVE 9  
Love is nothing but pain  
ভালোবাসা
5. LONGEVITY OF LOVE 11  
The time of our love ends

- ভালোবাসার আয়ু
6. ONLY WITHOUT LOVE 13  
I have said a lot-  
শুধু ভালোবাসা ছাড়া
7. WHO ELSE CAN GIVE ME 15  
I got to the green wood  
আর কার কাছে পাবো
8. FOR YOUR NEGLIGENCE 19  
The river has dried out  
তোমার অবহেলায়
9. MY AUTOBIOGRAPHY 21  
I will write down my autobiography  
আমার জীবনী
10. ON SOME NIGHTS 25  
Some nights seem very long  
কোনো কোনো রাত
11. THE LONELY ME 27  
Tell me, how can I touch the sky alone,  
একলা আমি
12. YOU WILL NOT GET ME ANYWHERE 29  
I have gone far away, thousands of miles  
আমাকে আর কোথাও পাবে না
13. MY SPIRIT IS LOW 31  
I feel the touch of gloom today  
মন ভালো নেই
14. WHILE I LOOKED AT YOU 35  
While looking at you  
তোমাকে দেখতে গিয়ে
15. IF I AM LOVED 37  
If I am loved, I become water  
ভালোবাসা পেলে
16. ONLY YOUR FACE 39  
I have cherished your face  
কেবল তোমার মুখ
17. FLOWERS 41  
Where did the flowers bloom?  
ফুলগুলি
18. LOOK AT ME ONCE 43  
Just look at me eyes once  
একবার তাকাও আমার দিকে
19. BESTOWAL 45  
You have bestowed me generously  
দান
20. I WANT TO SAY GOODBYE 47  
I want to say goodbye to you before I love you too much  
চলে যেতে চাই
21. REPLY 49

- AS I look for you  
উত্তর
22. THIS LIFE IS NOT MINE 51  
This life is not mine, I am alive  
এ জীবন আমার নয়
23. I COULD NOT TELL YOU, MY LOVE 53  
I arranged the words in my mind  
তোমাকে হলো না বলা, প্রিয়তমা
24. TWO DIFFERENT SKIES 57  
I want a more blue and intense and deep sky  
এই আকাশেই দেখি সে আকাশ
25. YOU ARE MY EVERYTHING 59  
You are my everything  
তুমিই আমার সব
26. RELATIONSHIP 61  
People want relationship.  
সম্পর্ক
27. HOW ARE YOU NOW 63  
How are you now?  
তুমি এখন কেমন আছো
28. THE SKY 67  
How lonely, ever indifferent the sky is  
আকাশ
29. MY LIFE 69  
I have come here  
আমার জীবন
30. HAPPINESS 75  
You will not get back  
সুখ
31. I DON'T WANT TO GO ANYWHERE 79  
I don't really want to go anywhere  
চাই না কোথাও যেতে
32. ONLY ONCE YOU CAME CLOSE 81  
Only once you gave me  
একবার কাছে এলে
33. ONLY LOVE CAN DO 83  
Only love can wash out  
শুধু ভালোবাসা পারে
34. WEEPING SKY, SOLITARY RIVER 85  
The afternoon is like a sleepless wood  
আকাশ কাঁদে, নদীটি নির্জন
35. ONLY YOU COULD DO 87  
Only you could bloom the centurian flowers  
তুমিই পারতে শুধু
36. FOR MY POETRY 89  
Because I shall write a poem-  
আমার কবিতার জন্যে

37. THAT IS YOUR ENDLESS MERCY 93  
Every word of this poem is indebted to you.  
সে তোমার অপার করুণা
38. YOU 95  
The cloudy sky over my head  
তুমি
39. AFTER SEEING YOU 97  
After seeing you,  
তোমাকে দেখার পর থেকে
40. THIS SOLITARY SEPARATION 99  
Now I love the solitary separation  
এই নির্জন বিরহ
41. MY COMPANION NOW 103  
Now-a-days my companion is  
এখন আমার সঙ্গী
42. MY BELOVED 105  
My beloved-her name is  
আমার প্রেমিকা
43. HOW YOU HAVE CHANGED THE WAY OF MY LIFE 107  
How you have changed  
কেমন ফিরিয়ে দিলে জীবনের মোড়
44. NOBODY WILL UNDERSTAND 109  
Nobody will understand  
বুঝবে না কেউ
45. EXCEPT YOU 111  
Who can love me like this  
তুমি ছাড়া
46. HOW I RUSH TOWARDS YOU 113  
You have not known  
কিভাবে তোমার দিকে ছুটে যাই
47. I COULD NOT DO 115  
I could not do anything,  
পারিনি
48. I COULDN'T DO ANYTHING 117  
I couldn't do anything,  
কিছুই পারিনি
49. SHADOW WITHIN A SHADOW 119  
I become a shadow within a shadow  
ছায়ার ভেতরে ছায়া
50. SHOULD I LEAVE ALL THESE BEHIND 121  
Does not this sky belong to me?  
আমাকে কি ফেলে যেতে হবে
51. THE SKY  
So may things still remain unknown to me  
আকাশ
52. WRITE IT DOWN 127  
O endless, open sky, write it down that I protest



- लिखे राखो
53. I WILL BE WRITING THIS LOVE-POEM FOR YOU 129  
You may stand up against me for as long as you can  
তোমাদের জন্যে লিখে যাবো এই প্রেমের কবিতা
54. PRAYERS FOR RAIN 131  
Showering on me like blessings  
বৃষ্টির প্রার্থনা
55. ONCE 133  
I'll forget all my pains,  
একবার
56. **BESTOWAL 135**  
**I want a small river,**  
দান
57. BE LONELY 137  
Be lonely, like the lone tree  
একা হয়ে যাও
58. SHADOW 139  
A shadow walks in the dark  
ছায়া
59. IF YOU 141  
If you don't look back  
যদি তুমি
60. I CAN REMOVE STONE 143  
Your unkind rejection is heavier  
আমি পাথর সরাতে পারি
61. YOU 145  
Are you the breath-taking song  
তুমি
62. NOTE OF DEDICATION 147  
I dedicate to you my poems,  
উৎসর্গপত্র
63. THIS MENDICANT LIFE 151  
If I could pass my time  
এই বাউল জীবন
64. I WANTED FROM YOU 153  
I wanted handful water from you  
চেয়েছিলাম
65. MY POSSESSION 155  
You are the only success in my life  
আমার সম্পদ
66. SONG OF TWILIGHT 157  
I feel sad because of you  
গোধূলির গান
67. EACH WORD YOU SAY 161  
Each word you say sounds  
তোমার প্রতিটি বাক্য
68. ONLY YOU CAN 163

- If you cannot change my life,  
তুমিই কেবল পারো
69. YOU 165  
You are my dark, deep wood,  
তুমি
70. THE MYSTERY OF THE BODY 167  
When will I meet you Fariha  
শরীর-রহস্য
71. YOUR SCULPTURE 169  
I have never looked at you straight  
তোমার ভাস্কর্য
72. SHADOW-COMPANION 171  
Life loses everything just in a day  
ছায়াসঙ্গী
73. GIFT 175  
Where can I keep these flowers  
উপহার
74. YOU ARE MY GODDESS 177  
You are my goddess  
তুমি তো আমার দেবী
75. NOBODY ACCEPTS ME 179  
Nobody accepts me now  
আমাকে গ্রহণ করে না কেউ
76. WOMAN 181  
It is in the shadow of a woman  
নারী
77. ALL MY BURDENS 183  
All my burdens I have given  
আমার সমস্ত ভার
78. WHEN YOU COME 187  
When you come - the spring again  
তুমি এলে
79. REFUGEE 189  
When did I come from where  
উদ্ভাস্ত
80. FLOWERS HAVE BLOOMED  
BUT THE MOON IS STILL LONESOME 193  
Flowers have bloomed, red like the lip  
ফুটেছে ফুল, বিরহী তবু চাঁদ
81. TONIGHT 195  
Tonight a lovepoem  
আজ রাতে
82. TONIGHT 197  
Tonight I will not write any sad elegy  
আজ রাতে
83. YOUR GIFT 199  
When did you stand beside me and spread your hands

- তোমার দান  
84. IN THIS LIFE 201  
Lets bring another life in this life  
এই জীবনে
85. YOU ARE THE CONSTANT LIGHT IN MY HEART 203  
You are the soft brook,  
হৃদয়ে তুমি চিরআলো
86. THE SKY OF LOVE 205  
In my heart  
ভালোবাসার আকাশ
87. FOR YOU 207  
I never carried in my two hands  
তোমার জন্য
88. THE UNIVERSAL TRUTH 209  
We will not be able to  
চির সত্য
89. IN MY TWOEYES 211  
Intoxicating sleep has come to everybody's eyes  
আমার দুচোখে
90. MY SOLITARY SONG  
Haven't you got the silent garland  
আমার নিভৃত গান
91. EXPERIENCE 219  
Where ever I go there is no depth,  
অভিজ্ঞতা
92. IF YOU DO NOT LOOK BACK 221  
When you do not look back  
তুমি ফিরে না তাকালে
93. NEVER DO I WANT 223  
I do not want any blood-shed, murder anywhere  
আমি কখনো চাই না
94. I WILL GROW ROSES AL MY LIFE 225  
You take nectar, I will take life's poison  
যতো দিন বাঁচি গোলাপ ফোটারো
95. DEAR WOMAN 227  
Who is my dear woman?  
প্রিয় নারী
96. I REMEMBER 229  
Now only I remember and remember  
মনে পড়ে
97. GIVE GRIEF TO THE POET BUT NOT PUNISHMENT 231  
This poet's heart is very soft.  
কবিকে দুঃখ দাও, দণ্ড দিও না
98. YOU ARE MY HOME OF PEACE 233  
You are my home of peace  
তুমিই আমার শান্তিনিকেতন
99. WHY DIDN'T I WANT 235

Why didn't I want from you  
চাইনি কেন  
100. ETERNAL FAREWELL 237  
Can anyone get back  
অনন্ত বিদায়

Poems

১.

এই জীবনে

এই একরত্তি জীবনে বলো না কীভাবে সম্ভব ভালোবাসা  
তার জন্য চাই আরো দীর্ঘ অনন্ত জীবন,  
ভালোবাসা কীভাবে সম্ভব, অতিশয় ছোটো এ জীবন  
একবার প্রিয় সম্বোধন করার আগেই  
শেষ হয় এই স্বপ্ন আয়ু-  
হয়তো একটি পরিপূর্ণ চুম্বনেরও সময় মেলে না  
করস্পর্শ করার আগেই নামে বিচ্ছেদের কালো যবনিকা;  
এতো ছোটো সামান্য জীবনে কীভাবে হবেই ভালোবাসা  
ভালোবাসি কথাটি বলতেই হয়তোবা কেটে যাবে সমস্ত জীবন,  
হয়তোবা তোমার চোখের দিকে চোখ তুলে তাকাতেই  
লেগে যাবে অনেক বছর  
হয়তো তোমার কাছে একটি প্রেমের চিঠি লিখতেই  
শেষ হয়ে যাবে লক্ষ লক্ষ নিদ্রাহীন রাত;  
তোমার সম্মুখে বসে প্রথম একটি শব্দ উচ্চারণ করতেই  
শেষ হয়ে যাবে কতো কৈশোর-যৌবন,  
ঘনাবে বার্ধক্য, কেশরাজি উড়াবে মাথায়  
সেই ধূসর পতাকা;  
এইটুকু ছোট জীবন, এখানে সম্ভব নয় ভালোবাসা  
তার জন্য চাই আরো অনেক জীবন, অনন্ত সময়  
তোমাকে ভালোবাসার জন্য জানি তাও খুবই স্বপ্ন ও সংক্ষিপ্ত মনে হবে।

1.

IN THIS LIFE

এই জীবনে

Tell me,  
How is it possible to love  
In this short span of life?  
Love needs a never ending life,  
How love is possible in this short life  
We lose the brief time given to us  
Before uttering the favorite name once.  
Before getting time to have  
A complete kiss  
Before touching the palm

The separation knocks at our door  
In such a short time  
How is it possible to love?  
May be the total breadth of my life is needed  
To pronounce the beautiful lines.  
May be it will take so many years  
To have an eye contact with you.  
May be thousands of my sleepless nights  
Will be spent writing a love letter to you.  
All my adolescent and youth will take  
To utter a single word  
Sitting in front of you.  
I will grow old  
My hair will turn gray like a gray flag.  
In such a short life  
It is not possible to love here  
Love needs a long life, never ending time  
Though that will seem also very short and brief  
For loving you.

২.

এক কোটি বছর তোমাকে দেখি না

এক কোটি বছর হয় তোমাকে দেখি না  
একবার তোমাকে দেখতে পাবো  
এই নিশ্চয়তাটুকু পেলে-  
বিদ্যাসাগরের মতো আমিও সাঁতরে পার হবো ভরা দামোদর  
কয়েক হাজার বার পাড়ি দেবো ইংলিশ চ্যানেল;  
তোমাকে একটি বার দেখতে পাবো এটুকু ভরসা পেলে  
অনায়সে ডিঙাবো এই কারার প্রাচীর,  
ছুটে যাবো নাগরাজ্যে পাতালপুরীতে  
কিংবা বোমারু বিমান ওড়া  
শঙ্কিত শহরে।  
যদি জানি একবার দেখা পাবো তাহলে উত্তপ্ত মরুভূমি  
অনায়সে হেঁটে পাড়ি দেবো,  
কাঁটাতার ডিঙাবো সহজে, লোকলজ্জা ঝেড়ে মুছে  
ফেলে যাবো যে-কোনো সভায়  
কিংবা পার্কে ও মেলায়;  
একবার দেখা পাবো শুধু এই আশ্বাস পেলে  
এক পৃথিবীর এটুকু দূরত্ব আমি অবলীলাক্রমে পাড়ি দেবো।  
তোমাকে দেখেছি কবে, সেই কবে, কোন বৃহস্পতিবার  
আর এক কোটি বছর হয় তোমাকে দেখি না।

2.

## I AM NOT SEEING YOU FOR EONS

এক কোটি বছর তোমাকে দেখি না

I am not seeing you for eons  
If I get the assurance of seeing you  
For once in a life time  
I will cross the Damodar like Bidyasagar  
Also make history by crossing  
The English Channel for a thousand times.  
If I get the hope of seeing you  
For once in a life time  
I can easily break the prison cell,  
I will rush towards the Nagh Kingdom.  
Or in the restricted area of war-zone  
If I know that I will get a chance  
To see you once  
I will walk through the hottest desert  
And will climb over barbed wire  
Attend any meeting  
Avoiding all the norms of social bondage.  
Or in any park or fair.  
If I get the hope of seeing you  
For once in a life time.  
I will easily cross the great distances of the world.  
When had I seen you last?  
I can not recollect.  
It may be on a Thursday long ago  
But after that I don't see you  
For the last billion years.

৩.

দূরে থাকা ভাল

কাছে গিয়ে আহত হওয়ার চেয়ে দূরে থেকে  
কষ্ট পাওয়া ভালো,  
তারও পৃথক সৌন্দর্য আছে, সেই দূরত্বের স্নিগ্ধ বিষণ্ণতা  
আমি পেতে চাই, কাছে গিয়ে কারো  
মুখ অকারণ কালো হোক, কুঞ্চিত হোক ব্র  
কপালে পড়ুক পুরু ভাঁজ  
আজ আর আমি কিছুতেই চাই না, চাই না।  
তার চেয়ে দূরে থেকে এই দুঃখ ভালো  
নিরিবিলা অশ্রুপাত ভালো,  
আর আমি ভাঙতে চাই না কারো আনন্দের জমাট আসর  
করতে চাই না কারো রসভঙ্গ,  
চাই না ঘটাতে বিঘ্ন ভরা জলসায়

আমি ঠিক এসবের যোগ্য নই, বেমানান, খুব খাপছাড়া।  
আমি গেলে ঘরে বেড়ে যাবে তাপমাত্রা, উঠবে  
ভীষণ ধুলিঝড়  
কোমল কার্পেট মনে হবে কঠিন কংক্রিট,  
দেয়ালের সুদৃশ্য পেইন্টিংগুলো হয়ে যাবে বিবর্ণ ধূসর  
নিভে যাবে ঝাড়বাতি, থেমে যাবে কলহাস্য সব  
আমি কেন কাছে গিয়ে বাড়াবো উৎপাত  
অযথা করবো কোলাহল  
তারচেয়ে দূরে থাকা ভালো, দূরে থেকে দুঃখ পাওয়া ভালো।  
দূরে থেকে দুঃখ পাই সেই ভালো, কাছে গিয়ে  
আর দুঃখ দেবো না  
আমার ঝরঝর রক্ত তবু যেন কারো বুকে আঁচড় না লাগে  
কাছে গিয়ে কেন বিসংবাদ, তার চেয়ে দূরে থাকা ভালো।

3.  
IT'S BETTER TO STAY APART  
দূরে থাকা ভাল

It's better to stay apart  
Than to be hurt being close  
It has a distinct beauty,  
I want the soft beauty of that distance  
These days I don't want to see  
Any one feeling  
Disturbed, annoyed, ...  
I don't really want that.  
It's better to be heart-broken  
It's better to shed tears alone,  
I don't want to destroy  
Anyone's partying mood  
Don't want to create a mess there  
I'm not a perfect person for this  
Quite odd, I should say antiquated.  
My presence will destroy  
The beauty of the party  
It will create a strong reaction  
The soft carpet will seem like hard stone.  
The beautiful paintings  
Will turn gray  
All the light and color of the room  
Will fade away.  
Why should I go there to disturb then?  
Why should I create an unnecessary chaos?  
It's better to stay apart  
It's better to be heart-broken  
Being in a distant place.  
I will not hurt you anymore being close to you.

It's better to bleed than to see  
Anyone getting hurt  
It's better to stay apart  
Than to get hurt coming close

৪.

ভালোবাসা

ভালোবাসা বড়ো কষ্ট, এ কোনো  
সুখের কাজ নয়-  
নিজের অন্তরে স্বেলে অনন্ত আগুন  
পুড়ে পুড়ে ক্ষয়।  
ভালোবাসা কষ্ট খুবই, বুক ভরে  
নেয়া দীর্ঘশ্বাস,  
সারাটি জীবন জুড়ে দুঃখের  
অন্তহীন চাষ।  
ভালোবাসা বড়ো কষ্ট, অকূল  
মাগরে শুধু ভাসা-  
সারাটি জীবনভর শুধু এক  
অনন্ত পিপাসা।

৪.

LOVE

ভালোবাসা

Love is nothing but pain  
It's not an act of pleasure  
To light a never-ending fire  
In one's own heart  
And then burning it for ever.  
Love is nothing but pain  
To take a long breath.  
To nourish never-ending grief  
In one's own heart.  
Love is nothing but pain  
To sail the seas without end  
Love is nothing but a never quenching thirst  
Throughout the whole life.

৫.

ভালোবাসার আয়ু

ভালোবাসি বলার আগেই  
ফুরিয়ে যায় আমাদের ভালোবাসার সময়,



প্রেমের আগেই শুরু হয়  
অনন্ত বিরহ-  
মনে হয় সবচেয়ে কম মানুষের এই ভালোবাসার সময়,  
খুব দ্রুত শেষ হয়ে যায় তার আয়ু;  
মানুষ মিলন চায়, কিন্তু তার বিচ্ছেদই নিয়তি।  
কোনো একদিন সময় করে যে  
বলবে ভালোবাসি  
বলবে যে ভালোবাসা চাই,  
এতোটা সময় কই  
ভালোবাসা বলার আগেই দেখবে ফুরিয়ে যায়  
ভালোবাসার সময়,  
শেষ হয়ে যায় তার আয়ু।

5.  
LONGEVITY OF LOVE  
ভালোবাসার আয়ু

The time of our love ends  
Before I can say the beautiful verse  
                    'I love you'  
The never-ending separation starts  
Before the romance.  
It seems time of love is very all too brief, short  
It runs its course too soon  
Man wants union, but separation is destiny!  
There is no time to say  
'Love you, love me'  
Our time of love ends  
Before I can say the beautiful verse  
'I Love you'?

৬.  
শুধু ভালোবাসা ছাড়া

কতো কথা বলেছি, পাহাড় ডিঙাবো  
সাগর পাড়ি দেবো  
ইংলিশ চ্যানেল পার হবো একলক্ষ বার  
তোমার জন্যে প্রয়োজন হলে দ্বীপান্তরে যাবো  
বলেছি তুমি যদি বলো অনায়ামে বৃকে  
নেবো বিষমাখা তীর,  
কেবল তোমার জন্যে আকাশ-পাতাল একা  
চম্বে বেড়াবো;  
জীবনের সব গ্লানি, সব নিন্দা মাথা পেতে নেবো

করেছি প্রতিজ্ঞা বহু, সাহসের দিয়েছি প্রমাণ  
শুধু পারি না একটু সামান্য কাজ, ভালোবাসা  
যাতে পাথরও গলে জল হয়  
বনের হরিণও হয় বশ;  
ভালোবাসার জন্যে সবকিছুই করেছি, শুধু  
ভালোবাসা ছাড়া।

6.

ONLY WITHOUT LOVE

শুধু ভালোবাসা ছাড়া

I have said a lot -  
I will climb the mountain, cross the Ocean  
Will cross English Channel a thousand times  
I will stay in a lonely island for you.  
I have said a lot  
If you want I will accept gladly  
The poisonous arrow,  
Only for you I will range across  
The whole universe.  
I will accept gladly-  
All the humiliation of life,  
I have made promises many a time  
Have given the proof of my courage.  
But could not do the simple work- to love.  
For which the rocks melt.  
The wild deer also becomes tame  
I have done every thing for love.  
Except loving you.

৭.

আর কার কাছে পাবো

এতোটুকু স্নেহ আর মমতার জন্য আমি কতোবার  
নিঃস্ব কাণ্ডালের মতো সবুজ বৃক্ষের কাছে যাই-  
হে বৃক্ষ আমাকে তুমি এতোটুকু ভালোবাসা দাও,  
বনস্পতি আমাকে দেখিয়ে দেয় তোমার দুচোখ  
বলে, ওই দুটি নিবিড় চোখের কাছে যাও।  
কতোবার এতোটুকু ভালোবাসা চেয়ে আমি  
নিরঞ্জন নদীর কাছে যাই-  
বলি, পুণ্যতোয়া নদী, আর কিছু নয়,  
আমাকে একটু তুমি সহানুভূতির স্পর্শ দাও,  
নদী আমাকে দেখিয়ে দেয় তোমার ঠিকানা  
বলে, গাছপালা, নদী, বন রেখে তার কাছে যাও।

আমি এই ভালোবাসা চেয়ে বহুবার চঞ্চল ঝর্নার  
কাছে যাই  
হাত পেতে তার কাছে চাই এই তৃষ্ণার শীতল জলধারা,  
সে আমাকে বলে, তোমার শুষ্ক বুক  
যদি একটু ভেজাতে চাও-  
সজল বর্ষার মেঘ কিংবা ওই স্নিগ্ধ  
জলাশয় ফেলে  
ছুটে যাও তার কাছে, পাবে জল ক্লাস্তি  
পিপাসার।  
ভেবো না যাইনি আমি আর কোনোখানে  
বৃক্ষ, পত্র, অরণ্য, উদ্ভিদ, পাখি, প্রকৃতির কাছে  
এতোটুকু ভালোবাসা চেয়ে কতোদিন  
করেছি অপেক্ষা  
অবশেষে এসেছি তোমার কাছে-  
তুমি যদি না দাও আগ্রহ,  
যদি না হয় আর্দ্র তোমার হৃদয়  
তোমার এমন অনুভূতিশীল দুটি চোখ যদি  
না বোঝে আমার দুঃখ-  
তাহলে কীভাবে বলো নদী আর বৃক্ষের কাছে  
স্নেহচ্ছায়া পাবো!

7.

WHO ELSE CAN GIVE ME

আর কার কাছে পাবো

I go to the green wood  
Like an orphan to get affection, love and sympathy  
Oh my trees! give me love!  
The old Banyan tree points at your eyes  
Tells me, 'Go to that lovely pair of eyes'.  
Many a time I go to a serene river  
Asking nothing but love  
I tell the river 'oh my dear river'  
Give me nothing but your caring touch  
The river shows me your address  
Tells me, 'leave the wood, the river,  
The trees — go straight to her'.  
Many a time I go to a waterfall  
Asking nothing but love.  
Spreading my hand I want from her  
This cold, fresh water to quench my thirst  
She tells me, if you want to quench your thirst  
Go straight to her  
Leaving the monsoon cloud or that serene pond  
And you will get the water to quench your thirst.

Don't think I haven't gone to more places  
I have been waiting for so many days  
Asking nothing but love from nature  
From the trees, leaves, woods, birds  
At last I have come to your door  
If you don't give me shelter,  
If you don't care for me  
If your lively eyes don't understand  
My grief and my feelings -  
Then how will I get affection  
From the rivers and trees!

৮.

তোমার অবহেলায়

তোমার অবহেলায়  
শুকিয়ে গেছে নদী  
হারিয়ে গেছে স্রোত,  
অথই সাগর ভীষণ মরুভূমি-  
তোমার অদর্শনে  
আকাশ কেঁদে সারা  
পাহাড় গলে জল  
মনে শোকের তুফান তোলো তুমি।  
তোমার উপেক্ষাতে,  
সবুজ গেছে মরে  
শুকিয়ে গেছে ফুল  
বৃক্ষ উজাড়, নিঃস্ব বনাঞ্চল,  
তোমার অনাদরে  
অন্ধ দুই চোখ  
স্বপ্ন সবই লুট  
চিরআঁধার আমার ভূমণ্ডল।

8.

FOR YOUR NEGLIGENCE

তোমার অবহেলায়

The river has dried out,  
The tide has lost its flow  
The wide sea has become a lonely desert  
For your negligence  
The sky has wept a lot  
The hill has melted into water  
Because you were not around  
You create a storm of grief,  
In my solitary soul.

The green has faded away,  
The flowers have dried out,  
For your negligence.  
The tree is bare, the woods are lonely  
For your slight  
Blinded eyes, looted dreams  
Ever dark is my universe.

৯.

আমার জীবনী

আমার জীবনী লিখে রেখে যাবো  
মাটির অন্তরে, ধুলোর পাতায়  
লিখে রেখে যাবো মেঘের হৃদয়ে,  
বৃষ্টির ফেঁটায়,  
হাঁসের নরম পায়ে, হরিণশিশুর মায়াময়  
চোখে;

ফুলের নিবিড় পাপড়িতে আমি লিখে রেখে যাবো  
আমার জীবনী-  
লিখে রেখে যাবো বৃক্ষের বৃকের মধ্যে  
পাহাড়ী ঝর্নার ওষ্ঠে,  
সবুজ শস্যের নগ্নদেহে।  
আমার জীবনী আমি লিখে রেখে যাবো শিশিরে, ঘাসের  
বুকে  
নদীর শরীরে, পদচিহ্নে আঁকা এই পথের ধুলোয়  
লিখে রেখে যাবো সংসারের হাসি-কান্নার গভীরে;

আমার জীবনী আমি গেঁথে দিয়ে যাবো ঝরা বকুলের  
বিশ্বগ্ন মালায়,  
বর্ষার উদ্দাম ঢেউয়ে, সবুজ জমিতে,  
প্রেমিকার মন্দির চুম্বনে।

আমার জীবনী আমি লিখে রেখে যাবো বিরহীর  
দুচোখের জলের ধারায়; আমার জীবনী  
আমি লিখবো না দূর নীহারিকালোকে, নক্ষত্রের উজ্জ্বল  
অক্ষরে  
আমার জীবনী আমি রেখে দিয়ে যাবো ভোরের  
পাখির কণ্ঠে,  
উদাসীন বাউলের গানে, পথিকের পথের দুধারে;  
লিখে রেখে যাবো আমার জীবনী আমি  
ব্যথিত কবির শ্লোকে,

দুঃখীর সজল আঁখিতে,  
আমার জীবনী আমি লিখে রেখে যাবো  
স্বপ্নের খাতায়  
সমুদ্র-সৈকতে, অশ্রু-জলে-ধোয়া প্রেমিকের  
জীবনপঞ্জিতে।

9.  
MY AUTOBIOGRAPHY  
আমার জীবনী

I will write down my autobiography  
In the soul of the earth,  
In the leaves of dust  
I Will write it in the heart of the cloud  
In rain drops.  
In the soft feather of the ducks  
In the beautiful eyes of the deer.  
I will write down my autobiography  
In the buds of the flowers -  
On the pith of the trees  
In the lips of hilly waterfalls,  
In the barrenness of the greenery.  
I shall be writing my autobiography  
In dew drops, in the leave of grass,  
In the waves of the rivers,  
In the dust which is full of footsteps.  
Shall be writing in the deepest life  
Which is full of sorrow and happiness  
I shall be writing my autobiography  
In the lonely fallen Bakuls.  
In the mighty tide of monsoon  
In the green field,  
In the passionate kiss of a lover.  
I shall be writing my autobiography  
In the tear lines of a lonely soul;  
I shall not be writing my autobiography  
In the far star-kingdom  
In the bright letters of the stars,  
I shall be writing my autobiography  
In the sweet melodies of the morning birds,  
In the music of the lonely Bauls  
In the pathway of a lonely passerby  
I shall be writing my autobiography  
In the elegy of a pain-stricken poet.  
In the tearful eyes of a lonely soul  
I shall be writing my autobiography  
In the pages of sweet dreams.  
In the sea-beach and above all  
In the life chart of a lover

Which is bathed in tears.

১০.

কোনো কোনো রাত

কোনো কোনো রাত খুব দীর্ঘ মনে হয়  
বৃষ্ণও ঘুমিয়ে পড়ে, দেবদারু বনে নামে  
অনন্ত স্তব্ধতা, ঘুমায় হরিণ চিতা  
এমনকি নেড়িকুত্তা ঘুমায় অঘোরে;  
রাত শুধু দীর্ঘ তার কাছে যে কেবল  
একা জেগে থাকে; এই রাত্রি মনে হয়  
খুবই দীর্ঘ, খুবই দুঃখময়।  
কোনো কোনো রাত খুব দীর্ঘ  
মনে হয়, খুব দীর্ঘ মনে হয়-  
দেবদারু বনে অরণ্য-শালিক, কাষ্ঠও  
ঘুমায়, ঘুমায় পাতারা, দূরে, কিছু  
দূরে ঘুমায় নদী ও মাঠ  
বনোভূমি; শিশিরের শব্দে মনে হয়  
একা একা শুধু এই রাত্রি বুম্বি আগে।  
আমি জাগি এই দীর্ঘ রাতে, ঘুমায়  
মানুষ আর বৃষ্ণ, মেঘদল।

10.

ON SOME NIGHTS

কোনো কোনো রাত

Some nights seem very long  
The trees also fall asleep  
The never ending silence  
Grasps the pine tree  
Sleep the deer, the leopard  
The barking dogs fall silent and sleep.  
The night is long only to him  
Who cannot go to sleep  
This night seems very long and full of sorrows  
Some nights seem very long.  
The sparrows of the forest  
The pine trees, the wood also sleep,  
The distant leaves sleep  
And the farway river and fields  
All sleep.  
The sound of the dewdrops  
Tells us that only the night  
Stays sleepless.  
I stay awake in this long night

While all around everyone sleeps  
The trees, the clouds - all.

১১.

একলা আমি

একলা আমি কীভাবে এই  
আকাশ বেলো ছুঁই,  
কীভাবে এই পাতালে যাই  
স্পর্শ করি ভুঁই!  
একলা আমি কীভাবে এই  
দুঃখ করি জয়-  
কীভাবে এই মরণ রুধি  
দূর করি এই ভয়!  
একলা আমি কীভাবে এই  
ঠেকাই চোখের জল,  
কীভাবে এই রক্ষা করি  
দন্ধ বনাঞ্চল;  
একলা আমি কীভাবে এই  
বাঁচাই কিশলয়  
কীভাবে এই বাঁচিয়ে রাখি  
স্বপ্ন সমুদয়!

11.

THE LONELY ME

একলা আমি

Tell me, how can I touch the sky alone,  
How can I go straight to the abyss below  
And touch the ground !  
How can I overcome this sorrow alone  
How can I fight with this death,  
Overcome this fear !  
How can I control these tears alone,  
How can I save this burnt forest.  
How can I save this foliage alone  
How can I preserve these dreams !

১২.

আমাকে আর কোথাও পাবে না

একচুল একচুল করে  
আমি লক্ষ মাইল দূরে সরে গেছি,



তুমি দেখেও দেখানি;  
আমি জানি তুমি বহুদিন থেকে  
আত্মক্ষার পথ খুঁজছিলে  
তোমার জন্য সেই আত্মক্ষার পথ  
তৈরি করেছি আমি,  
তুমি আমার দুর্যোগ থেকে রক্ষা পাও,  
ভালো থাকো;  
একচুল একচুল করে  
আমাকে ঠেলেছো দূরে  
আমি লক্ষ মাইল দূরে সরে গেছি;  
আমাকে আর কোথাও পাবে না,  
কোথাও পাবে না।

12.

YOU WILL NOT GET ME ANYWHERE  
আমাকে আর কোথাও পাবে না

I have gone far away, thousands of miles  
From you one step at a time  
You preferred to look away  
I know you have been searching  
For a way to protect yourself.  
I have given you that option,  
Be safe from my devastation  
Be well;  
You have pushed me back  
From you ever so slightly  
I have gone far away, thousand of miles  
You will not get me anywhere  
No where.

১৩.

মন ভালো নেই

বিষাদ ছুঁয়েছে আজ, মনে ভালো নেই,  
মন ভালো নেই;  
ফাঁকা রাস্তা, শূন্য বারান্দা  
সারাদিন ডাকি সাড়া নেই,  
একবার ফিরেও চায় না কেউ  
পথ ভুল করে চলে যায়, এদিকে আসে না  
আমি কি সহস্র সহস্র বর্ষ এভাবে  
তাকিয়ে থাকবো শূন্যতার দিকে?  
এই শূন্য ঘরে, এই নির্বাসনে

কতোকাল, আর কতোকাল!  
আজ দুঃখ ছুঁয়েছে ঘরবাড়ি,  
উদ্যানে উঠেছে ক্যাকটাস-  
কেউ নেই, কড়া নাড়ার মতো কেউ নেই,  
শুধু শূন্যতার এই দীর্ঘশ্বাস, এই দীর্ঘ পদধ্বনি।

টেলিফোন ঘোরাতে ঘোরাতে আমি ক্লান্ত  
ডাকতে ডাকতে একশেষ;  
কেউ ডাক শোনে না, কেউ ফিরে তাকায় না  
এই হিমঘরে ভাঙা চেয়ারে একা বসে আছি।

এ কী শাস্তি তুমি আমাকে দিচ্ছে ঈশ্বর,  
এভাবে দন্ধ হওয়ার নাম কি বেঁচে থাকা!  
তবু মানুষ বেঁচে থাকতে চায়, আমি বেঁচে থাকতে চাই  
আমি ভালোবাসতে চাই, পাগলের মতো  
ভালোবাসতে চাই-  
এই কি আমার অপরাধ!  
আজ বিষাদ ছুঁয়েছে বুক, বিষাদ ছুঁয়েছে বুক  
মন ভালো নেই, মন ভালো নেই;  
তোমার আসার কথা ছিলো, তোমার যাওয়ার  
কথা ছিলো-  
আসা-যাওয়ার পথের ধারে ফুল ফোটানোর কথা ছিলো  
সেসব কিছই হলো না, কিছই হলো না;  
আমার ভেতরে শুধু এক কোটি বছর ধরে অশ্রুপাত  
শুধু হাহাকার  
শুধু শূন্যতা, শূন্যতা।  
তোমার শূন্য পথের দিকে তাকাতে তাকাতে  
দুই চোখ অন্ধ হয়ে গেলো,  
সব নদীপথ বন্ধ হলো, তোমার সময় হলো না-  
আজ সারাদিন বিষাদপর্ব, সারাদিন তুষারপাত...  
মন ভালো নেই, মন ভালো নেই।

13.  
MY SPIRIT IS LOW  
মন ভালো নেই

I feel the touch of gloom today  
My spirit is low  
Depressed. Down.  
Empty streets vacant balconies  
I call all day, but nobody responds  
No one looks back even once  
But wanders aimlessly

Never comes back.  
Will I keep looking at this emptiness  
For thousands and thousands of years?  
How many years do I have to stay  
In this empty room, enduring this exile  
How many years, how many!?  
Sorrow has touched the houses  
Cactus grows in the court yard  
No body is there to ring the door bell,  
Only the deep sigh of emptiness,  
And foot steps.  
I am tired dialing up the phone  
Calling up people, exhausted;  
Nobody hears me, no one looks back even once.  
I have been sitting alone in the broken chair  
In this frozen room.  
What kind of punishment  
Are you giving me, oh God,  
Is this life — being burnt alive!  
Still people want to live, I want to live  
I want to love, I want to love  
Like a maniac —  
Is this my crime!  
I feel the touch of gloom today  
Gloom has touched my heart  
My spirit is low.  
Depressed. Down.  
You were supposed to come,  
You were supposed to go -  
We were committed to bloom the flowers  
In our path ways  
Nothing has happened like that  
Nothing has happened.  
For millions of years I have shed tears inside  
And outside me,  
Only the lamentation,  
Only the emptiness, barrenness.  
Being blind, I have been  
Looking at your empty highways.  
Every river route has been closed,  
But still you didn't make  
Throughout the day there is a sad, elegiac note  
throughout the day there is snow fall ...  
My spirit is low  
Depressed. Down.

১৪.

তোমাকে দেখতে গিয়ে

তোমাকে দেখতে গিয়ে পৃথিবীর আর কিছু  
দেখাই হলো না,  
আমি জন্ম থেকে তোমাকেই তাকিয়ে দেখি নারী।  
প্রথমে তোমাকে দেখি, তুমিই আমার দেখা প্রথম পৃথিবী,  
তারপর ধীরে ধীরে দেখি বৃক্ষপত্র, নদনদী,  
আকাশ, সমুদ্র;  
জন্মাবধি তোমাকে দেখেও আজও আমি  
একমাত্র তোমারই দর্শক  
তোমাকে দেখার চেয়ে মনোযোগ দিয়ে  
আর আমি কিছুই দেখি না-  
কেবল তোমাকে দেখি এই দুটি চোখ নয়  
আরও বহু চোখ, সমস্ত ইন্দ্রিয় দিয়ে।  
তুমিই আড়াল করে রাখলে আকাশ  
ঢেকে দিলে চাঁদ,  
তোমার মুখের দিকে চেয়ে আর কিছু দেখাই হলো না;  
তোমাকে করতে গিয়ে পাঠ  
জীবনে হলো না আর কোনো বই খোলা-  
তোমার ওষ্ঠের ঘ্রাণ নিতে গিয়ে  
আর কোনো সুগন্ধি হলো না স্পর্শ করা,  
তোমাকে দেখতে গিয়ে কেটে গেলো একটি জীবন  
পৃথিবীর আর কিছু দেখাই হলো না।

14.

WHILE I LOOKED AT YOU

তোমাকে দেখতে গিয়ে

While looking at you  
I ignored everything else of the world  
From my birth I have been seeing you, woman  
When I first saw you, you were the first world to me  
Only after that I could look at the trees, leaves -  
Rivers, brooks, the open sky, the wide sea.  
I am the only one who sees you  
Though I have been seeing you from my birth.  
I cannot see any thing more attentively  
Than you  
I see you not only with my eyes  
But with several pairs of eyes  
And with my six senses.  
The open sky, the beautiful moon  
Do not attract me  
The way you attract me.  
I could not see anything else while I looked your face  
To read you thoroughly  
I could not open any of my other books

I could not touch any fragrance  
While taking the fragrance of your lips  
While I looked at you  
I passed my whole life  
I could not see anything else  
Of this beautiful world.

১৫.

ভালোবাসা পেলে

ভালোবাসা পেলে আমি জল হয়ে যাই  
বরফের চেয়ে দ্রুত গলে যেতে থাকি,  
সমস্ত ভাসিয়ে দিই ভালোবাসা পেলে  
আর কোনো বোধশক্তি, হিশেব থাকে না;  
মাত্র ভালোবাসা দিয়ে তুমি কিনে নিতে পারো  
আমাকে করতে পারো একেবারে বশ,  
ভালোবেসে দেখো হই বরফের জল  
ভালোবাসা দাও, আমি সবকিছু দেবো।  
ভালোবাসা পেলে এই মেঘ হয় জল  
আমিও থাকি না আর পুরনো মানুষ,  
কীভাবে বদলে যাই ভালোবাসা পেলে  
বরফের মতো আমি গলে গলে পড়ি।

15.

IF I AM LOVED

ভালোবাসা পেলে

If I am loved, I become water  
I melt faster than ice,  
If I am loved, I wash away every thing  
Without any consideration or plan  
You can buy everything  
With your love, can tame me  
Hundred times over  
If I am loved, I become icy water.  
Love me, I will give you everything.  
If I am loved, these clouds become rain drops  
I also changed into a different person  
If I am loved, I become transformed  
I melt like ice  
If I am loved.

১৬.

ভালোবাসা পেলে

সারাটি জীবন ধরে শুধু  
তোমার মুখটি আমি  
মুখস্থ করেছি  
তোমার মুখটি আমি  
নিশিদিন কেবল করেছি ধ্যান,  
ঐকেছি তোমার মুখ সমগ্র জীবন  
যেন এক অসমাপ্ত ছবি-  
গড়েছি তোমার মূর্তি মুঞ্চ ভাস্করের মতো;  
জ্যোতির্বিদের মতোন আমি খুঁজেছি  
যেন নতুন নক্ষত্র  
হাজার মুখের ভিড়ে।  
শুধু তোমার মুখটি আমি আজীবন  
মর্মে গেঁথেছি,  
তোমার মুখটি আমি ফুটিয়েছি আমার সত্য  
ভালোবেসে তোমার মুখটি আমি  
এই বুক গচ্ছিত রেখেছি।

16.  
ONLY YOUR FACE  
কেবল তোমার মুখ

I have cherished your face  
All my life.  
And etched it in my heart  
I am the only one to meditate on your face.  
I have painted your face  
Throughout my life,  
As if an unfinished painting -  
I have sculpted you  
Like an obsessed sculptor  
I have searched you like an astronomer  
Among thousands of faces  
Like a sparkling new star.  
Only your face I have kept in my heart  
I've blossomed your heart  
In my soul.  
I have kept you safely  
In the vault of my heart.

১৭.  
ফুলগুলি

ফুলগুলি কোথায় ফুটেছিলো? কাননে  
না স্বচ্ছ সরোবরে? ফুলগুলি কি ফুটেছিলো

গীতবিতানের পাতায় নাকি শান্তিনিকেতনে?  
ফুলগুলি সব ফুটেছিলো কোন আকাশের বুকে!  
এ ফুলগুলি ছিলো তোমার অন্তরে অন্তরে  
মনে-ফোটা ফুলগুলি আজ ফুটলো আমার ঘরে।

17.  
FLOWERS  
ফুলগুলি

Where did the flowers bloom?  
Was it in a garden or  
In a crystal clear lake  
Did the flowers bloom  
In the blank pages of *Geetabitan* or  
In Shantiniketan?  
In the heart of what sky  
Did the flowers bloom?  
These flowers were in your heart  
And in your soul.  
The flowers that blossomed in your heart  
Blossomed in my home.

১৮.  
একবার তাকাও আমার দিকে

একবার তাকাও চোখের দিকে দেখো  
কতো জমেছে শিশির  
কতো যে জমেছে অশ্রু, জমেছে বিষাদ।  
এতো মেঘ আকাশেও জমেনি কখনো,  
আটলান্টিকেও নেই বৃষ্টি এতো জল;  
আমার মুখের দিকে একটু তাকিয়ে দেখো  
মানুষের সব পরাজয় আমার  
কপালে  
সব ব্যর্থতার গ্লানি এই মুখটিতে।

তাই কি আমার মুখের দিকে চেয়ে  
লজ্জায় ঢেকেছে মুখ  
গোলাপবালিকা  
বনসুন্দরীরা ভিন্ন পথে চলে গেছে, থেমে  
গেছে নর্তকীর পায়ের ঘুঙুর, নেই ব্যালেরিনা...

আমি এই পরাজিত মুখটি আর দেখাবো না  
কাউকে কখনো  
কাউকে বলবো না আর কোনোদিন

এই ব্যর্থতার কথা  
শুধু একবার তুমি আমার মুখের দিকে  
সঙ্গেহে তাকাও  
বুলাও আঙুল, আমি ভুলে যাই  
সব দুঃখশোক।

18.  
LOOK AT ME ONCE  
একবার তাকাও আমার দিকে

Just look at my eyes once  
And see how many dew drops are there.  
And see how much tears my eyes hold.  
How much grief there is in my heart.  
There was not such a cloud in the sky  
Even the sky didn't have that many clouds.  
Or the Atlantic have so much water  
Men's betrayals are etched in my forehead  
The sign of failures are in my face  
Is this the reason why the rose  
Hides her face shyly  
The fairies have lost their ways  
The beautiful sound of dancer's ankle bells  
There is no ballerina  
I will not show my defeated face  
To anyone ever, no way  
I will not tell anyone about this failure  
Just look at my face once  
With affection.  
Give me affection  
I will forget all my unhappiness.

১৯.  
দান

না চাইতেই দিয়েছো তুমি  
পূর্ণ করে হাত  
দিয়েছো তুমি এই জীবনে  
জ্যোৎস্নাভরা রাত;

চাইনি তবু দিয়েছো ভরে  
শূন্য আমার ঘর,  
দিয়েছো তুমি আমাকে এই  
বিশ্বচরাচর।



না চাইতেই দিয়েছো মেঘ  
দিয়েছো জলধারা  
আঁধারে তুমি জ্বলেছো এই  
হাজার রাতের তারা;

চাওয়ার আগেই দিয়েছো সব  
পূর্ণ করে তুমি,  
ঢেলেছো জল শস্যশ্যামল  
করেছো মরুভূমি।

19.  
BESTOWAL  
দান

You have bestowed me generously  
Without asking for it.  
You have given the moon-lit night  
In this insignificant life.  
You have filled up my empty home  
Without asking for it.  
You have given me this universe.  
You have given me the clouds.  
The rain, the beautiful touch  
You have lit thousands of stars  
In the darkness.  
You have made me full  
Without asking for it,  
You have transformed the desert  
Into a lovely greenery.

২০.  
চলে যেতে চাই

খুব বেশি ভালোবেসে ফেলার আগেই  
তোমার কাছ থেকে চলে  
যেতে চাই—  
না হলে আর যাওয়া হবে না কখনো,  
আর বেরুনো হবে না।

জড়িয়ে পড়ার আগেই এই মোহ  
আর মুগ্ধতা ভেঙে  
চলে যেতে চাই, দূরে খুব বেশি  
দূরে

তুমি যদি খুব বেশি ভালোবেসে  
ফেলো,  
তাহলে তোমার কথা ভেবে  
আমার আর যাওয়াই হবে না-  
তোমার একফোঁটা চোখের জলের কাছে  
আজীবন বন্দী থেকে যাবো।

আরো বেশি জড়িয়ে পড়ার আগে  
খুব বেশি ভালোবেসে ফেলার  
আগেই-  
তোমার কাছ থেকে তাই চলে যেতে চাই,  
চলে যেতে চাই।

20.  
I WANT TO SAY GOODBYE  
চলে যেতে চাই

I want to say goodbye to you before I love you too much  
And leave you  
Otherwise, there will be no exit  
No taking of leave  
I want to come out from this infatuation  
Before being very much attached to you.  
I want to go way, far away.  
I won't be able to go and leave you behind.  
If you start loving me more  
I will be imprisoned for life  
Only a tear drops in your eyes can imprison me for life.  
I want to say good-bye to you;  
Lest I start loving you more passionately  
And before being very much attached to you.  
I want to say goodbye to you.

২১.  
উত্তর

যতোই তোমাকে খুঁজি মুদ্রিত অক্ষরে,  
বইয়ের পাতায়  
তুমি বলো, 'দুই লাইনের মধ্যবর্তী  
স্পেসটুকু আমি';

যখন ছবির অ্যালবামে খুঁজে খুঁজে পাই না তোমাকে  
তুমি বলো খুব মৃদুস্বরে, 'ছবির যেটুকু শাদা অংশ  
ওইটুকু আমি';

পাই না তোমাকে যখন উষ্ণ চায়ের টেবিলে,

কলরবে-

তুমি বলো, 'প্রতিটি অব্যক্ত শব্দ জেনে রেখো  
নিশ্চিত আমার';

তোমাকে যখন খুঁজি এই জীবনে, বাস্‌ড্‌বে  
তুমি অঙ্গুলি নির্দেশ করে বলো,  
'আমি ওই নিবিড় শূন্যতা'।

21.

REPLY

উত্তর

As I look for you  
In the printed letters  
In the pages of books  
You Answer, 'I am the space in between two lines';  
When I cannot find you -  
Looking through in the photo Album  
You reply in a tender voice -  
'I am the white portion of the photographs';  
When I cannot find you -  
In the intimate discussions of the tea-table,  
In our loud conversation -  
You reply, 'every unspoken word is certainly mine'  
When I search you  
In this life, in reality,  
You reply with a pointed finger -  
'I am that intense emptiness'.

২২.

এই জীবন আমার নয়

এ জীবন আমার নয়, আমি বেঁচে আছি  
অন্য কোনো পাখির জীবনে,  
কোনো উদ্ভিদের জীবনে আমি বেঁচে আছি  
লতাগুপ্ত-ফুলের জীবনে;  
মনে হয় চাঁদের বৃকের কোনো আদিম পাথর আমি  
ভস্মকণা  
সমুদ্রের বৃকে  
ভাসমান একটু শ্যাওলা আমি;  
এই যে জীবন দেখছে এ জীবন আমার নয়  
আমি বেঁচে আছি বৃক্ষের জীবনে,  
পাখি, ফুল, ঘাসের জীবনে।  
আমি তো জন্মই মৃত, বেঁচে আছি

অন্য এক জলের উদ্ভিদ-  
আমার শরীর এইসব সামুদ্রিক প্রাণীদের  
সামান্য দেহের অংশ,  
আমি কোটি কোটি বছরের পুরাতন একটি  
বৃক্ষের পাতা  
একবিন্দু প্রাণের উৎস, জীবনের  
সামান্য একটি কোষ;  
এ জীবন আমার নয় আমি সেইসব অন্তহীন  
জীবনের একটি জীবন,  
আমি বেঁচে আছি অন্য জীবনে, অন্য  
স্বপ্ন-ভালোবাসায়।

22.

THIS LIFE IS NOT MINE

এই জীবন আমার নয়

This life is not mine, I am alive  
In the life of some other birds,  
I am alive in the life of plants,  
In the life of creepers and flowers;  
As if I am an ancient stone  
In the heart of the beautiful moon  
A speck of dust, debris.  
A floating moss in the heart of the sea;  
The life that you see is not mine.  
I am alive in the life of trees, flowers, and grass -  
I was born dead but I live now  
In some other watery plant ,  
My body is a part of an aquatic animal  
I am a leaf of an ancient banyan tree  
An iota of life's source,  
A simple cell of life,  
This life is not mine,  
My life is the life of those never ending lives.  
I am alive in the life of others,  
In other dreams and love.

২৩.

তোমাকে হলো না বলা, প্রিয়তমা

তোমাকে হলো না বলা, প্রিয়তমা  
কতো লক্ষ বছর ধরে মনে মনে সাজালাম কথা  
তার একটি শব্দও কোনোদিন  
জানানো হলো না,  
তারা অবরুদ্ধ নদীর মতো মনের ভেতরই মরে গেলো;

রাত্রিদিন গাঁথলাম এই যে কথার মালা  
এই যে শব্দের ফুল  
তার একটিও হলো না তোমাকে বলা;

মনে মনে তোমার উদ্দেশে লিখলাম কতো  
শত শত চিঠি  
তার একটিও কোনোদিন তোমার হাতে পৌঁছানো হলো না।

তোমাকে যা বলি সেসব নেহাৎ তুচ্ছ কথা  
পৃথিবীর শ্রেষ্ঠ কবিতাগুলি  
এভাবেই অলিখিত থেকে গেলো  
অপ্রকাশিত থেকে গেলো  
সর্বাপেক্ষা পরিশুদ্ধ বাক্যগুলি;  
মানুষ বুঝলো না কিছু  
চিরদিন সবচেয়ে তুচ্ছ আর সাধারণ কথাগুলি  
তারা খুবই সশব্দে বলে গেলো।

আমি তো ভালোই জানি সবচেয়ে মূল্যবান  
সবচেয়ে পরিশুদ্ধ আন্তরিক কথাটাই  
কোনোদিন হলো না বলা,  
তারা মনের ভেতরই প্রাচীন পুঁথির  
অতিশয় জীর্ণ পৃষ্ঠার মতো ঝরে গেলো।  
তোমাকে হলো না বলা, প্রিয়তমা  
জীবনের শ্রেষ্ঠ কথাগুলি  
বলি বলি করেও হলো না বলা  
ভালোবাসি এই পবিত্র শব্দটি,  
কতো বাজে কথা বলা হলো  
কতো লক্ষবার  
এভাবে নিঃশব্দে অস্ত গেলো  
আমার আকাশে চাঁদ  
তোমাকে হলো না বলা সবচেয়ে আন্তরিক  
ছোট কথাটি।

23.  
I COULD NOT TELL YOU, MY LOVE  
তোমাকে হলো না বলা, প্রিয়তমা

I arranged the words in my mind  
For thousands of years  
But could not utter a single word  
Couldn't let you know

My feelings, and they perished like a dammed river  
In my heart;  
All the nights and days  
The words which I woven like a garland  
These flowers of words  
Could not reach your ear;  
Hundreds of letters I have written  
None of those could ever reach you  
The way I tell you every thing  
It's really simple, ordinary.  
The world's best poetry  
Remains unwritten so.  
The most perfect sentences  
Remains unpublished  
People couldn't feel  
How they have shouted the most trivial words in the world  
In a very ornamental way  
I know quite well that  
The most precious, perfect words  
Have never been said  
They have turned pale  
Like an ordinary page of ancient saga.  
I couldn't tell you, My love.  
The most sacred and beautiful word  
I made several tries  
But couldn't tell you  
The most sacred words  
I love you.  
Many unnecessary words I've uttered many thousand  
times  
The moon of my sky has set silently  
But I could not manage to say  
The most intimate, the most beautiful words.

২৪.

এই আকাশেই দেখি সে আকাশ

আমি এই আকাশের চেয়ে আরও নীল  
গভীর আকাশ চাই,  
কোনখানে বেলো পাই, এইটুকু আকাশ  
এর বেশি কিছু নাই!

আমি চাই এই নদীর চেয়েও চিরপ্রবাহিনী  
এক নদী,  
কিন্তু কোথায় সবখানে এই নদী, বয়ে যায় নিরবধি;  
যদিও সবার মনে স্বপ্নের সেই নদী,  
বয়ে চলে নিরবধি।

আমি এই বৃক্ষের চেয়েও অধিক সবুজ সেই ছায়া-  
তরুণতা চাই,  
কোনখানে গেলে পাই, সেই স্বপ্নের দেশে জানি না  
বৃক্ষ আছে কি নাই!

আমি এই আকাশের চেয়ে আরও নীল  
গভীর আকাশ চাই,  
পাই বা না পাই, এই আকাশেই দেখি আমি সেই  
আকাশের রূপ তাই।

24.

#### TWO DIFFERENT SKIES

এই আকাশেই দেখি সে আকাশ

I want a more blue and intense and deep sky  
Than this one  
Where will I get this sky  
Nothing more !  
I want a stream  
More ever flowing than this one  
But where is that river,  
Though that river is in every body's dream  
I want these trees greener than this.  
Where can I get them I don't know  
Don't know whether they are  
If trees grow in that dreamland  
I want a more intense, blue sky than this,  
Whether I get it or not,  
I see the beauty of that sky  
In this sky.

২৫.

তুমিই আমার সব

তুমিই আমার সব  
তোমাকে ঘিরেই এই ব্যর্থ জীবনের  
আশা আর আনন্দোৎসব;  
তোমাকে নিয়েই পরিপূর্ণ আমার  
প্রতিটি দিন,  
না হলে ব্যর্থ এই বেঁচে থাকা  
সমস্তই যেন অর্থহীন।  
তোমার মুখের পানে চেয়ে

মনে হয় বেঁচে থেকে সুখ,  
তোমার সান্নিধ্যে শুধু ভুলে যাই  
জরা-ব্যাদি সমস্ত অসুখ;  
তুমি আমার সব,  
একমাত্র তুমিই আমার জীবনে  
চিরজয়ের গৌরব।

25.

YOU ARE MY EVERYTHING

তুমিই আমার সব

You are my everything  
All the aspirations and festivities  
Of my insignificant life  
Are for you.  
Every day of my life  
Is fulfilled with you,  
Without you every life becomes meaningless  
And everything becomes insignificant.  
When I look at your face  
I find the pleasure of living life,  
I forget every sickness and infirmity  
Coming close to you  
You are my everything  
You are the only glory  
Of every success of my life.

২৬.

সম্পর্ক

মানুষ সম্পর্ক চায়, কিন্তু সম্পর্কের  
অর্থ বোঝে না  
মানুষ সম্পর্কের অর্থ করে  
ঘুড়ি ও লাটাই  
সম্পর্কের প্রকৃত অর্থ অবশ্য মিলন;  
মানুষ সম্পর্ক চায়, কিন্তু এই সম্পর্কের অর্থ  
বোঝে না;  
এই যে উদ্ভিদ ফুল ফোটে  
এই স্বতঃস্ফূর্ততার মধ্যে  
সম্পর্কের চিরন্তন রূপ  
এভাবেই কোথাও না কোথাও কারও  
অদৃশ্য গোপন বৃকে  
বয়ে যায় সম্পর্কের ধারা,  
প্রবাহিত সচল নদীর মতো  
সম্পর্কের উৎসধারা



শুধু বয়ে যায়;  
সম্পর্ক কখনো কোনো লেনদেন নয়, ওঠাবসা নয়,  
সম্পর্ক নিশ্চয় আরো কোনো গভীর নিয়ম,  
আরো স্বতঃস্ফূর্ত, আরো স্বাভাবিক  
জঃঃ নেয় হঠাৎ কখনো কারো বুকে  
নিজেও জানে না,  
সম্পর্ক আসলে এক অন্তরের  
ফুটে ওঠা ফুল।

26.

## RELATIONSHIP

সম্পর্ক

People want relationship.  
But don't understand its meaning.  
People interpret relationship  
In terms of kite and spool  
Though the real meaning of relationship is union;  
People want relationship,  
But don't understand its meaning;  
The eternal essence of relationship  
Lies in midst of the plants, flowers  
And in their spontaneity.  
In this way somewhere  
In the core of somebody  
Invisible secret heart flows  
The tide of relationship.  
The main stream of relationship  
Flows like a flowing river;  
Relationship is never an exchange or any ritual  
Relationship should be a more profound norm  
More spontaneous, more normal  
Born suddenly in any one's heart  
Does not know itself either  
Relationship is actually a blooming flower of the heart.

২৭.

তুমি এখন কেমন আছো

তুমি এখন কেমন আছো? কতোদিন হয়  
তোমাকে দেখি না, কতোদিন হয়!  
কতোদিন মানে একশো দুইশো নয়, এককোটি বছর  
এককোটি বছর হয় তোমাকে দেখি না,  
তোমাকে দেখিনা;

মন খুব খারাপ হয়ে যায়, কতোদিন হয়  
তোমার মুখের একটি কথাও শুনি না আর,  
বৃকের মধ্যে পৌষের খড়-পোড়ার আগুন  
ধিকিধিকি জ্বলে, কেঁদে ওঠে আত্মা  
তোমার দেখা পাই না, এককোটি বছর দেখা পাই না;  
তোমার কথা মনে পড়ে যায়,  
খুব মনে পড়ে যায়।

তুমি এখন কেমন আছো, কোথায় আছো,  
মনে হয় তোমার জন্য সারা পৃথিবী  
এক্ষুনি চষে বেড়াই-  
জাতিসংঘের সদর দপ্তরের সামনে ধরনা দিই  
পার হই দুর্গম গিরিশৃঙ্গ, পৃথিবীর সর্বাপেক্ষা  
খরস্রোতা নদী,  
তুমি এখন কেমন আছো শুধু এই কথাটা জানার  
জন্যে বৃহত্তম নগরগুলোর পথে পথে  
ঘুরে বেড়াই,  
এককোটি বার আইএসডি টেলিফোন ঘোরাই।

তুমি এখন কেমন আছো? কতোদিন হয়  
তোমাকে দেখি না, তোমাকে দেখি না  
মন বড়ো খারাপ হয়ে যায়, বৃকে তুষের  
আগুন জ্বলে  
আর কবে কোথায় তোমার দেখা পাবো?

27.

HOW ARE YOU NOW

তুমি এখন কেমন আছো

How are you now?  
For so many years I have not seen you.  
For many years!  
Many years do not mean just a few hundred years  
But eons. For eons I haven't seen you  
I haven't seen you!  
I feel sad, for many days  
I don't hear a word from you  
There is never ending fire burning in my heart.  
My soul starts crying for you.  
I cannot see you, I don't see you  
For billions of years;  
I remember you, my dear  
How are you right now, where you are,  
I want to roam around the world

For you, my dear -  
For you I want to register my protest  
In front of the U.N.O  
Want to cross tractless mountains,  
The world's swiftest river  
Only to know how you are  
I roam around the streets  
Of the world's biggest cities.  
I have dialed your number for a million time.  
How are you right now?  
For many years I don't see you,  
I don't see you.  
I feel sad, a never-ending fire burns in my heart  
When will I meet you  
When? Where?

২৮.

আকাশ

আকাশ কেমন চির উদাস একা  
দুঃখে-শোকেও পায় না কারো দেখা;

কেবল একা ফেলে চোখের জল,  
ফোটায় প্রাণে ব্যথার শতদল;

বিরহী এই আকাশ বুঝি তাই  
বাড়িয়ে হাত দেখে কেহই নাই,

শূন্য শুধু শূন্য চারিদিক  
আকাশ তবু তেমনি নির্ভীক;

আকাশ তবু তেমনি আকাশ  
কোথায় বা ঘর কোথায় পরবাস-

ঠিকানা তার কেউ জানে না ঠিক  
আকাশ চিরদূরন্ত নির্ভীক;

এই আকাশে ফোটে চাঁদ ও তারা  
অন্তরে তার বাজায় কে একতারা!

আকাশ কেমন একলা পড়ে থাকে  
শূন্যতাকে দুহাত তুলে ডাকে।

28.

## THE SKY

আকাশ

How lonely, ever indifferent the sky is  
It cannot see anyone even in pain and grief  
Only sheds tears alone.  
And blooms the lotus of grief in heart;  
Spreading hands this estranged sky  
Sees nothing except emptiness everywhere  
Still the sky is fearless;  
The sky is the same sky  
It doesn't have a home or exile -  
Nobody knows its real address  
The sky is ever-restless, fearless.  
The moon and the stars appear in the sky  
Who plays Ektara in its heart!  
How lonely the sky is.  
It invites emptiness to its folds.

২৯.

আমার জীবন

আমার জীবন আমি ছড়াতে ছড়াতে  
এসেছি এখানে,  
আমি কিছুই রাখিনি  
কুড়াইনি তার একটিও ছেঁড়া পাতা,  
হাওয়ায় হাওয়ায় উড়িয়ে দিয়েছি শিমুল তুলোর মতো  
সব সুখ-দুঃখ, আনন্দ-বেদনা, স্মৃতি,  
আমি এই হারানো জীবন আর খুঁজি নাই  
সেই ফেলে আসা পথে;  
ছেঁড়া কাগজের মতো ছড়াতে ছড়াতে এসেছি আমাকে।  
পথে পড়ে থাকা ছিন্ন পাপড়ির মতো  
হয়তো এখনো পড়ে আছে  
আমার হাসি ও অশ্রু,  
পড়ে আছে খেয়ালী রুমাল, পড়ে আছে  
দুই এক ফোঁটা শীতের শিশির;  
এখনো হয়তো শুকায়নি কোনো কোনো অশ্রু-বিন্দুকণা  
বৃষ্টির ফোঁটা  
চঞ্চল করুণ দৃষ্টি, পিছু ডাক,  
এখনো হয়তো আছে সকালের মেঘভাঙা রোদে,  
গাছের ছায়ায়  
পদ্মপুকুরের স্থির কালো জলে,  
হয়তো এখনো আছে হাঁসের নরম পায়ে  
গম্ভীর আমার সেই হারানো জীবন

সেই সুখ-দুঃখ  
গোপন চোখের জল।  
এখনো হয়তো পাওয়া যাবে মাটিতে  
পায়ের চিহ্ন  
সেসব কিছুই রাখিনি আমি  
ফেলতে ফেলতে ছড়াতে ছড়াতে  
এখানে এসেছি;  
আমি এই জীবনকে ফ্রেমে বেঁধে রাখিনি কখনো  
নিখুঁত ছবির মতো তাকে আগলে রাখা হয়নি  
আমার,  
আমার জীবন আমি এভাবে ছড়াতে ছড়াতে এসেছি।  
আমার সঞ্চয় আজ কেবল কুয়াশা, কেবল ধূসর  
মেঘ  
কেবল শূন্যতা  
আমি এই আমাকে ফ্রেমে বেঁধে সাজিয়ে রাখিনি,  
ফুটেতে ফুটেতে ঝরতে ঝরতে আমি এই এখানে  
এসেছি;  
আমি তাই অম্লান অক্ষুণ্ণ নেই, আমি ভাঙাচোরা  
আমি ঝরা-পড়া, ঝরতে ঝরতে  
পড়তে পড়তে  
এতোটা দীর্ঘ পথ এভাবে এসেছি।  
আমি কিছুই রাখিনি ধরে কোনো মালা, কোনো ফুল,  
কোনো অমলিন স্মৃতিচিহ্ন  
কতো প্রিয় ফুল, কতো প্রিয় সঙ্গ, কতো উদাসীন  
উদ্দাম দিন ও রাত্রি।  
সব মিলে হয়ে গেছে একটিই ভালোবাসার  
মুখ,  
অজয় স্মৃতির ফুল হয়ে গেছে একটিই স্মৃতির গোলাপ  
সব নাম মিলে হয়ে গেছে একটিই প্রিয়তম নাম;  
আমার জীবন আমি ফেলতে ফেলতে ছড়াতে ছড়াতে  
এখানে এসেছি।

29.

MY LIFE

আমার জীবন

I have come here  
Unfolding my life from the beginning to the end  
I have not kept anything -  
I have not collected any torn leaves,  
I have set free all my joys, happiness, sadness, grief,  
memory

In the wind like a cording bow.  
I don't search for lost life  
In that forgotten high way;  
I have come to scatter my self  
Like a torn paper.  
My smile, my tears  
Might lie scattered like torn buds falling on the road,  
My handkerchief has dropped on the road,  
Along with a drop or two of winter dew;  
Some tear drops or drops of rain  
Not yet dried up  
In the beautiful sunrays  
Or in tree shades  
There may be a restless, sad look  
Or a beckoning call  
The old happiness, the old sorrow  
The hidden cry  
Preserved in the stand still water of the serene pond  
And in the soft webbed feet of the ducks  
There may still be my foot print in the dust.  
I have not kept any of those  
I have come here dropping and scattering those.  
I have not restricted this life in a frame.  
I have protected it as a perfect picture,  
I have come here scattering up my life like this.  
Only the mist, the gray cloud, the emptiness  
Are my companions  
I have not kept myself in a frame  
I have come here burning, and falling  
I am not unbreakable, anymore  
I am broken, fallen -  
Falling and breaking I have crossed  
This long way.  
I have not saved any garland, any flowers  
Any unspotted sign of memory  
Lots of flowers, so many favorite companions  
So many distracted and uncontrollable days and nights,  
All together have made  
The one and only face of love,  
All the flowers of my memory  
Have turned into one memory.  
All the names have turned into one name  
I have come here scattering  
My life throughout the way.

৩০.

সুখ

অনেক হারানো সুখ, আর তুমি  
ফিরেও পাবে না  
অনেক আনন্দ আর উঠবে না বলসে কখনো;  
হয়তো কখনো আর সেই হাসি  
ফুটেবে না মুখে  
কখনো হয়তো আর ভাসবে না  
সেই জ্যাংস্নায়-

সেই মেঘে হবো না আক্লত  
সেসব অনেক মুখই  
আর আসবে না ফিরে।

আজো ছোটো ছোটো যেসব  
আনন্দগুলি আছে,  
সুখগুলি আছে,  
তার মধ্যে ডুবুরীর মতো ডুবে থাকো দুঃখী  
মানুষ  
এখন ফুটিয়ে তোলো তার ভেতরেই  
আনন্দের ফুল, নিবিড় বসন্তকাল;

এইসব ছোটো ছোটো খুব সাধারণ  
সুখগুলি নিয়ে  
এখন বানাতে পারো তুমি  
স্বপ্নের আনন্দলোক,  
সুখের উদ্যান-  
জীবনের সুখ এই ভুলে থাকা,  
ভুলে বেঁচে থাকা,  
বাঁচাই অনেক সুখ, অনেক আনন্দ।

30.

HAPPINESS

সুখ

You will not get back  
Many a lost joys.  
Your ecstasy of delight  
Will never sparkle;  
May be the smile in your face  
Will not be there any more  
May be there will not be any chance

To bathe in the full moon-lit night -  
We will not be overwhelmed  
For that cloud.  
Many faces of the past  
Will not come again.  
Like an unhappy person  
Dive into happiness, in the merriment  
That is still there waiting for you.  
Now you cultivate within yourself  
Flowers of happiness, the beautiful spring  
Now you can go on to create  
The kingdom of dream  
With this fragile happiness,  
The garden of happiness -  
The happiness of life is to forget,  
Is to live in forgetfulness,  
To live is happiness: that is a greater joy.

৩১.

চাই না কোথাও যেতে

আমি তো তোমাকে ফেলে চাই না কোথাও যেতে  
পৃথিবীর সর্বাপেক্ষা মনোরম স্থানে,  
সমুদ্র-সৈকতে, স্বর্ণদ্বীপে-  
স্বপ্নেও শিউরে উঠি যখন দেখতে পাই  
ছেড়ে যাচ্ছি এই মেঠো পথ, বটবৃক্ষ, রাখালের  
বাঁশি,  
হঠাৎ আমার বুক আছড়ে পড়ে পদ্মার ঢেউ  
আমার দুচোখ শ্রাবণের নদী বয়ে যায়;  
যখন হঠাৎ দেখি ছেড়ে যাচ্ছি সবুজ পালের নৌকো,  
ছেড়ে যাচ্ছি ঘরের মেঝেতে আমার মায়ের আঁকা  
সারি সারি লক্ষ্মীর পা  
বোবা চিৎকারে আর্তকণ্ঠে বলে উঠি হয়তো  
তখনই-  
তোমার বুকের মধ্যে আমাকে লুকিয়ে রাখো;  
আমি এই মাটি ছেড়ে, মাটির সান্নিধ্যে ছেড়ে,  
আকাশের আত্মীয়তা ছেড়ে,  
চাই না কোথাও যেতে, কোথাও যেতে।

31.

I DON'T WANT TO GO ANYWHERE

চাই না কোথাও যেতে

I don't really want to go anywhere



Leaving you alone  
Not to the sea-beach, or the golden Island  
Or to the world's most beautiful place -  
I don't want to go and leave behind  
This pathway and the banyan tree and the cowboy's flute  
Not even in my worst nightmares  
My heart aches as the waves of Padma  
Hurt themselves against at  
My eyes flow like monsoon-fed streams  
When I see myself leaving the Green sails of country boats  
Behind me, and the rose of feet of the goddess Laksmi  
Painted by my mother  
In a sudden cry I say -  
Please keep me in the core of your heart.  
I don't want to go anywhere  
Leaving mother earth,  
Leaving the closeness of this Mother earth,  
Leaving the relationship  
Of this wide blue sky.  
I don't really want to go anywhere,  
Anywhere.

৩২.

একবার কাছে এলে

তুমি বুকের ভেতর থেকে দিলে  
একফোঁটা স্বর্গীয় শিশির,  
একবার না ঘোচালে তোমার সাথে এই ব্যবধান  
কী আর চাওয়ার থাকে, কী আর পাওয়ার  
বলো থাকে;  
শুধু একবার ছোঁয়ালে আঙুল, একবার কপালে  
রাখলে শুধু হাত,  
মুহুর্তেই পাল্টে যায় আমার পৃথিবী  
চিরঅন্ধকার আমার আকাশে ওঠে বসন্তের চাঁদ;  
একবার সরিয়ে দিলে সব ব্যবধান, শুধু একবার  
কাজে এলে তুমি  
এ জীবনে আর কিছু চাওয়ার থাকে না।

32.

ONLY ONCE YOU CAME CLOSE

একবার কাছে এলে

Only once you gave me  
A heavenly dew drop  
From your bosom,

If you don't make a bondage  
In this separation  
If I don't bridge the gap with you  
Then I've nothing else to ask for  
And nothing else to get  
If you touch my fingers just once  
Keep your soothing hands  
On my forehead,  
Then all my world  
Changes instantly.  
The crescent moon of the spring  
Appears in my ever-dark sky  
There won't be anything in my life  
If you remove the gaps  
If you come close to me  
Even only once.

৩৩.

শুধু ভালোবাসা পারে

শুধু ভালোবাসা পারে ধুয়ে দিতে  
জীবনের কালি,  
মুছে দিতে ঞ্জতচিহ্ন, সব কালো দাগ  
আর কোনো কিছু পারবে না ভরে দিতে  
আমার আকাশ;  
শুধু ভালোবাসা পারে সতত নদীর মতো জীবনের  
কানে-কানে গেয়ে যেতে গান,  
তপ্ত মরুর বৃকে ছোটাতে পাহাড়ী ঝর্ণাধারা-  
খররৌদ্রময় ভূপ্রকৃতি জুড়ে মাতিসের স্নিগ্ধ আলোছায়া;  
শুধু ভালোবাসা পারে আবার আমাকে দিতে  
কাদামাটির মতো একটি নরম কাঁচা মন,  
অপরূপ মায়াময় গভীর সজল দুটি চোখ।  
শুধু ভালোবাসা পারে মুহূর্তে আমাকে  
করে তুলতে খুবই সহৃদয়  
মানুষের সব নির্ভুরতা অনায়াসে পারি ভুলে যেতে,  
সহজে বুঝতে পারি তার সীমাবদ্ধতার কথা;  
শুধু ভালোবাসা পারে মৃত্যুকেও হয়তো ফিরিয়ে দিতে খালি হাতে,  
আর জীবনের শূন্য পাত্র একবার ভরে দিতে কানায় কানায়।

33.

ONLY LOVE CAN DO

শুধু ভালোবাসা পারে

Only love can wash out  
The black spot of life,  
Love can erase all black spots,  
All wounded spots.  
Nothing more can fill up  
The sky of my life;  
Only love can sing a song  
In the ears of our life,  
Like the ever-flowing rivers,  
Love can release the steep waterfall  
In the heart of the desert island  
There is soft chiaroscuro of Matisse,  
Amid the sunny nature;  
Only love can give me again  
A soft ever-green mind like soft clay  
Only love can give me again  
Those incomparable, illusive, tearful eyes  
Only love can turn me at an instant -  
Into a compassionate, kind hearted person.  
I can forget all cruelty of man easily.  
I can understand his limitations,  
Without any effort;  
May be love only can refuse death  
And send it back with an empty hand.  
And love can fill to the brim  
The empty pot of our life.

৩৪.

আকাশ কাঁদে, নদীটি নির্জন

দুপুর যেন তন্দ্রাহত বন  
শান্ত নদী, একাকী নির্জন,  
আকাশ বলে মেঘের উপাখ্যান  
দুঃখ বুজে দেখার নামই ধ্যান;  
আমি বৃথাই জলের দিকে চাই  
হৃদয়ে চড়া, সোঁতাও কাছে নাই-  
দেখি কেবল দক্ষ পোড়া বালি  
ছায়ারা দেয় শূন্য হাততালি,  
জীবন জুড়ে দুঃখ লেখে নাম  
শূন্যতাই কি সবার পরিণাম?  
ভালোবেসে যেদিকে হাত বাড়াই  
ধরার মতো কোথাও কিছু নাই,  
দেখি শুধু পাহাড় ভেঙে পড়ে  
কেন নবীন পাতারাও যে ঝরে!  
দুপুর যেন মর্মান্বিত বন  
আকাশ কাঁদে, নদীটি নির্জন।

34.

WEeping SKY, SOLITARY RIVER

আকাশ কাঁদে, নদীটি নির্জন

The afternoon is like a sleepless wood  
The calm river, lonely and quiet  
The sky tells the story of clouds  
Meditation is nothing but  
Seeing with eyes closed;  
For nothing I look at the water  
My heart has become bare,  
There is only burnt sand.  
The shadows clap in the darkness  
Sadness writes its name in through life  
Is loneliness is the ultimate destiny to all?  
There is nothing to hold on to  
My outstretched hand finds no assurance,  
Only the hill breaks up  
Oh why the green leaves fall!!  
The noon is like a grieving wood.  
The sky weeps, and the river flows quietly on.

৩৫.

তুমিই পারতে শুধু

কেবল তুমিই পারতে ফোটাতে এই এক গ্রীষ্মে  
শতবর্ষী ফুল,  
একটি আকাশে সহস্র আকাশ-  
একবিন্দু ভোরের শিশিরে সাত সমুদ্রের ছেও  
বেশি জল;  
তুমিই পারতে শুধু একটি জীবনে এনে দিতে অনন্ত জীবন।  
কেবল তুমিই পারতে পি সি সরকারের মতো  
পৃথিবীর তাবৎ ঘড়ির কাঁটা স্তব্ধ করে দিতে,  
শীতের অরণ্যে এনে দিতে অপার ফাল্গুন-  
চিরবরফের নদী, তাতে অথই প্লাবন।  
সম্পূর্ণ শুকিয়ে গেছে যে মোহনা, নদী  
তুমিই পারতে শুধু তার বৃকে আনতে জোয়ার,  
শুধু তুমিই পারতে আবার আমাকে চৈত্রের হাওয়ায়  
উন্মাতাল করে দিতে,  
একবার কাছে এসে মুহূর্তে ঘুচিয়ে দিতে,  
লক্ষ কোটি বছরের ব্যবধান-  
একটি চুম্বনে দিতে শত বছরের পরমায়ু।

35.

ONLY YOU COULD DO

তুমিই পারতে শুধু

Only you could bloom the centurian flowers  
In this summer,  
In one sky-in myriads of sky -  
One drop of dew would seem more water  
Than the seven seas;  
Only you could bring the eternal life  
In one single life.  
Only you could stop the watches  
Of all the world like magician P.C. Sorker  
You could bring the never-ending month of 'Falgun'.  
In the coolest winter -  
You could create a current  
In the motionless, icy river.  
You could release the flow  
Of a dried up confluence or river  
Only you could turn the sky  
Ecstatic with Chaitra winds  
You could make instantly bridge  
In the separation of millions of years

Only coming close to me -  
Only you could give the life of a hundred years  
In one single kiss.

৩৬.

আমার কবিতার জন্যে

আমি কবিতা লিখবো বলে এই আকাশ  
পরেছে নক্ষত্রমালা,  
পরেছে রঙধনু-পাড় শাড়ি, অপরূপ চন্দ্রাহার  
নদীর গহনা পরে আছে গ্রামগুলি,  
শুধু আমি কবিতা লিখবো তাই এই প্রকৃতি  
পরেছে পুষ্পশোভা,  
কানে পরেছে ফুলের দুল, হাতে ঝিনুকের চুড়ি।  
মন হহ-করা এমন উদাস বাতাস, এমন  
স্নিগ্ধ বৃষ্টিধারা  
এই ঝর্নার মুখর গান, ফুলের সৌরভ  
কেবল আমার কবিতার মধ্যে আমি কবিতা  
লিখবো তাই।  
আমি কবিতা লিখবো বলে ঘাসে এমন  
শিশির মুক্তো  
গাছের পাতায় এই ঘন সবুজ রঙ-  
রাজহাঁসগুলির এমন আলতা-পরা পা,  
শাদা বকের পাখার মতো এই নদীর জল  
ফাল্গুনে এমন অগ্নিবর্ণ পলাশ-শিমুল;  
আমি কবিতা লিখবো বলে মাছের দুচোখ  
এমন রহস্যময়,  
জলের শুভ্রতা এমন হৃদয়গ্রাহী।  
আমি কবিতা লিখবো তাই শূন্যতার নাম আকাশ  
জলের বিস্তারের নাম সমুদ্র,  
গাছপালা, জঙ্গলের নাম অরণ্য  
জলরেখার ভালো নাম নদী;  
আমি কবিতা লিখবো বলে এই আকাশ ও প্রকৃতি জুড়ে  
এতো সাজসজ্জা, এতো আয়োজন,  
চিরবসন্তোৎসব।

36.

FOR MY POETRY

আমার কবিতার জন্যে

Because I shall write a poem -

The sky has adorned herself with beautiful stars,  
Has put on a rainbow-bordered saree,  
And an incomparable necklace  
The villages have laid on themselves  
Alluring ornaments  
Because I shall write a poem.  
Nature has become flowery,  
Has decorated herself with ear-rings,  
And put on pearl bangles.  
Only in the poem I shall write.  
Is there such a lonely wind,  
Such soft, melodious rain drops.  
The resounding songs of waterfall,  
The fragrance of flowers  
All are there for my poetry, because I shall write a poem.  
There are such beautiful pearly dews  
On the green grass.  
Because I shall write a poem  
This deep green in the leaves  
Such soft webbed feet of the ducks  
Such waters of the river  
White like the wings of swans  
Such flame-colored polash-shimul  
In the bright month of 'Falgun'  
Such mysterious eyes of fish  
Because I shall write a poem,  
The whiteness of water is charming.  
Because I shall write a poem —  
The other name of loneliness is the sky  
The other name of water is the sea,  
The other name of trees and forest is woods  
And the other name of a line of water is river;  
Because I shall write a poem —  
Such a beautiful the world  
The ever-festive spring  
Dance around me.

৩৭.

সে তোমার অপার করুণা

এই কবিতার প্রতিটি অক্ষর তোমার কাছে ঋণী  
তুমি তার দীর্ঘ শালবন, দিয়েছো গভীর স্নিগ্ধ ছায়া,  
তুমি তার অথই শ্রাবণ  
মেঘে মেঘে দিয়েছো সজল অভ্যর্থনা;  
তোমার শুক্রমা পেয়ে বিশুদ্ধ অক্ষরগুলি হয়ে ওঠে বর্ষার নদী  
কোমল আতিথেয় তার দেহমন সজীব সতেজ হয়ে ওঠে,  
তুমি তাকে না দিলে আশ্রয়, না করলে পরিচর্যা তার

একেকটি অক্ষর কাতর হয়ে ফিরে যেতো হয়তো কোথাও।  
আমি তার পেতাম না দেখা, নিঃস্ব কাঙালের মতো  
বৃক্ষপত্র অরণ্যের কাছে হাত পেতে আমাকে চাইতে হতো  
একটি প্রগাঢ় শব্দ-  
যেতে হতো বনভূমি, ঝর্না ও পাহাড়ের কাছে;  
আমি জানি কবিতার অনন্ত উৎসধারা তুমি।  
তাই আমি তোমার কাছেই চিরকাল হাত পেতে দাঁড়িয়েছি,  
দয়াময়ী,  
তুমি ফেরাওনি সে তোমার অপার করুণা।

37.

THAT IS YOUR ENDLESS MERCY

সে তোমার অপার করুণা

Every word of this poem is indebted to you.  
You are the tall pine forest of my poem  
You have given lovely shades.  
You are its ever falling monsoon rains  
You have given warm welcome with clouds.  
The harsh rough words of my poems  
Have become a rain fed river.  
Getting your affection.  
Your warm hospitality refreshes the mind.  
Every word of my poems would have  
Gone far away with a broken-heart  
If you did not give them shelter.  
I could not have met them  
I would not have to beg for  
A profound word like a helpless beggar  
From the dark, deep wood -  
I would have to go to the hill and waterfalls  
I know that you are the only  
Never-ending source of my poems.  
That's why I always stands begging for your mercy  
Oh my life giver!  
You never refused me-that's your endless mercy.

৩৮.

তুমি

আমার মাথায় জলভরা একটি আকাশ  
তার নাম তুমি,  
খর গ্রীষ্মে আমার উঠানে অঝোর বর্ষণ  
তুমি তার নাম;  
ভীষণ তৃষ্ণার্ত পথিকের ক্লাস্ত চোখে সুশীতল মেঘ



একমাত্র তুমি-  
দুপুরের খরতাপ শেষে আমার জীবনে এই শান্ত সন্ধ্যা  
তুমি, তুমি, তুমি;  
মরুময় এই ভূপ্রকৃতি জুড়ে ঘন প্রেরীর সবুজ উদ্যান  
তুমি তার নাম,  
আমার ধূসর দুই চোখে চিরসবুজের গাঢ় হাতছানি  
তার নাম তুমি;  
আমার স্মৃতির অববাহিকায় একটি স্বপ্নের প্রিয় নদী  
তুমি নিরবধি।

38.  
YOU  
তুমি

The cloudy sky over my head  
Is nothing but you.  
The heavy rainfall on my yard  
In hot, dry summer  
Is nothing but you.  
The soft refreshing cloud  
In the eyes of a thirsty loner  
Is none but you.  
The calm evening of my life  
After the fierce heat of noon  
Is you, you and you;  
The dense, deep greenery of the Prairey  
Around this desert-like landscape  
Is nothing but you;  
The hypnotic call of eternal-greenery  
In my dusty eyes  
Is nothing but you;  
A favorite river of my dreamland -  
In the basin of my memory  
Is nothing but you.

৩৯.  
তোমাকে দেখার পর থেকে  
তোমাকে দেখার পর থেকে কীরকম গণ্ডগোল  
হয়ে গেলো সমস্ত জীবন,  
ওলটপালট হয়ে গেলো সবকিছু-  
সম্পূর্ণ হারিয়ে ফেললাম বুঝি খেই, চিন্তাসূত্র হয়ে গেলো  
বিশৃঙ্খল, এলোমেলো;  
কেবল তোমারই মুখ দেখি বৃক্ষপত্রে, জ্যোতিষ্কমণ্ডলে

উচ্ছল ঝর্নার জলে, বুকশেলফে, পড়ার টেবিলে,  
টেলিভিশনের উচ্ছল পর্দায়-  
এমনকি ডিশ অ্যান্টেনাও ঢেকে দিতে পারেনি তোমার মুখ  
রেডিও বা ক্যাসেট খুলেই শুনি তোমার নিবিড় কণ্ঠস্বর।  
তোমাকে দেখার পর থেকে কীরকম পাল্টে গেলো  
আমার আকাশ  
সেখানে এখন শুধু চাঁদের বদলে তুমি ওঠো,  
আর একটাই ওঠে সন্ধ্যাতারা, সেও তুমি।  
বইগুলো খুলে দেখি সব গ্রন্থ জুড়ে শুধু  
এই একটাই শব্দ তাতে লেখা-  
তোমাকে দেখার পর থেকে অসম্ভব বদলে গেছে  
আমার ভুবন  
বদলে গেছে জলবায়ু, দিনরাত্রি, ঋতু।

39.

AFTER SEEING YOU  
তোমাকে দেখার পর থেকে

After seeing you,  
What an unusual changed  
Has affected me  
Everything has utterly changed  
As if I have lost my consciousness,  
All my thoughts have become chaotic;  
Everywhere I see your face -  
Even in the leaves of the trees,  
In the beautiful stars,  
In the water of cascading falls,  
In my book shelf, reading table,  
On the bright screen of T.V -  
Even the satellite antennas  
Couldn't hide your face  
The moment I turn on the radios or an audio cassette  
I hear your enchanting voice  
After seeing you.  
How the sky of my life has changed  
In that sky you have taken  
The place of the beautiful moon.  
And only there is evening star  
Which is none but you  
Opening my books I find only  
One word written down in all the books -  
That's nothing but a true confession -  
After seeing you -  
The whole of my world has changed.  
Also changed  
The weather, the seasons, the days and nights

৪০.

এই নির্জন বিরহ

এখন প্রেমের চেয়ে নির্জন বিরহ আমি  
বেশি ভালোবাসি,  
কলহের খরদুপুরের চেয়ে শান্ত-স্নিগ্ধ  
রাত্রির আকাশ,  
কারো কটাঙ্কমিশ্রিত বিদেশী মদের চেয়ে  
হেমলক বিষ  
কপট বন্ধুর চেয়ে এই শত্রুর প্রকাশ্য  
সব গতিবিধি।  
সমুদ্র দেখার চেয়ে আজ আমি চেয়ে দেখি  
নিস্তরঙ্গ নদী,  
কখনো আলোর চেয়ে মনে হয় অন্ধকার  
বেশি নিরাপদ;  
মৌসুমী পাখির চেয়ে ভালোবাসি তাই আমি  
প্রাত্যহিক কাক  
কোমল সোফার চেয়ে প্রিয় এই বিসদৃশ  
কণ্টক আসন।  
মনোরম কার্পেটের চেয়ে ভালোবাসি এই  
প্রাকৃতিক তৃণ  
পর্যটনের চেয়েও ভালোবাসি কয়েদীর  
বিষণ্ণ ভ্রমণ;  
দিবসের চেয়ে রাত, মধ্যাহ্নের চেয়ে কোনো  
ধূসর গোধূলি  
বর্ষণের নিবিড় মেঘের চেয়ে ভালোবাসি  
এই দীর্ঘশ্বাস।  
এখন প্রেমের চেয়ে হার্দ্য অনুভূতিময় এই  
বিচ্ছেদের গান,  
ভাস্কর্য-শিল্পের চেয়ে অনবদ্য, মানবিক  
এই অশ্রুজল।

40.

THIS SOLITARY SEPARATION

এই নির্জন বিরহ

Now I love the solitary separation  
More than loves union,  
The soft serene sky of the night  
Is more lovable than

The quarrel some dry, hot noon.  
The hemlock is preferable  
To foreign insinuations.  
The open maneuvers of the enemies  
Are more desirable than hypocritical friends.  
Nowadays, I look more at  
The still, motionless rivers  
Than the wide seas,  
Sometimes darkness seems  
More secure than light;  
I like the common crow more  
Than the seasonal birds.  
This uninviting thorny cushion  
Is more comfortable than the soft sofa.  
Natural grass is more lovable  
Than this lovely beautiful carpet.  
I love this lonely twilight more than  
The midday,  
The night more than the day  
This long breath is more lovable  
Than the intense cloud  
Of this profound rainfall.  
Now this lonely song of separation  
Is more lively than this unique union.  
More humane, spontaneous is these tear drops  
Than sculptural art.

৪১.

এখন আমার সঙ্গী

এখন আমার সঙ্গী অনন্ত শূন্যতা, তারই  
নিবিড় সান্নিধ্যে দিন কাটে-  
এই আকাশের সাথে যা কিছু আমার বাক্যলাপ হয়,  
আমরা দুজন পরস্পর শুধাই কুশল, প্রত্যহ  
শুভেচ্ছা বিনিময় করি-  
বলা যায় তার সাথেই আমার সম্পর্কের শেষ সূত্রটুকু  
অবশিষ্ট আছে।  
দীর্ঘদিনেও আমাদের এই সম্পর্কে কোথাও কোনো  
লাগেনি কালিমা,  
জমেনি কখনো কারো চোখে বিন্দুমাত্র বিদ্রোহের কালি;  
এখন আমার সঙ্গী এই অনন্ত শূন্যতাবাহী উদার আকাশ  
তার চোখে আমার মতোই অবিরল বর্ষণের ধারা,  
কেন যে আকাশ কাঁদে আমি জানি, আমি শুধু জানি  
সে বড়োই দুঃখী, একা, নিঃসঙ্গ, বিরহী।  
এখন কেবল আমি প্রাণ খুলে এই আকাশের সাথে

কথা বলি-

নিঃশব্দ মৌনতা আমাদের দুজনের শ্রেষ্ঠ প্রকাশ-মাধ্যম,  
চারপাশে এই মানুষ কেবল বেশি কথা বলে  
নিরর্থক বাচালতা যেন তাদের স্বভাব;  
আকাশের মতো এই অটল মৌনতা মানুষ জানে না  
শেখেনি কখনো তারা মৌনতার লাভগ্যমপ্তিত  
অপরূপ ভাষা।  
সুদূর আকাশ একা, খুব একা,  
আমি তার অঝোর বর্ষণ দেখে বুঝি এ যে তার  
ব্যথিত আত্মার গভীর ক্রন্দন।

41.

MY COMPANION NOW

এখন আমার সঙ্গী

Now-a-days my companion is  
The never-ending loneliness,  
I spend my time in his warm company  
The conversation which we share together  
Me and this sky,  
We exchange pleasantries with each other,  
We exchange greetings -  
It can be said that  
She is my last source of communication.  
We are as we were before.  
No hard feeling has touched us.  
There is not hatred in our eyes;  
Now-a-days my companion is  
The lovely, wide, open, blissful sky.  
She bears the same feeling as me.  
She sheds endless tears like me.  
Why does the sky weep-I don't know,  
The only thing that I know -  
She is very unhappy, lonely, estranged  
Now I only speak with the sky -  
Our only medium of communication,  
Is the soundless solitude  
The people around us only talk,  
The unnecessary bubblings.  
People don't have  
The quietness of the sky.  
They have not acquired.  
The incomparable beauty of this quietness  
The blue sky is lonely, very lonely,  
I can feel the deep cry of her grieving soul  
Looking at her continuous rainfall.

৪২.

আমার প্রেমিকা

আমার প্রেমিকা-নাম তার খুব ছোটো দুইটি অক্ষরে  
নদী বা ফুলের নামে হতে পারে  
এই দ্বিমাত্রিক নাম,  
হতে পারে পাখি, বৃক্ষ, উদ্ভিদের নামে  
কিন্তু তেমন কিছুই নয়, এই মৃদু সাধারণ নাম  
সকলের খুবই জানা।  
আমার প্রেমিকা প্রথম দেখেছি তাকে বহুদূরে  
উজ্জয়িনীপুরে,  
এখনো যেখানে থাকে সেখানে পৌঁছতে  
এক হাজার একশো কোটি নৌমাইল পথ পাড়ি দিতে হয়;  
তবু তার আসল ঠিকানা আমার বুকের ঠিক বাঁ পাশে  
যেখানে হৃৎপিণ্ড ওঠানামা করে  
পাঁজরের অস্থিতে লেখা তার টেলিফোন নম্বরের  
সব সংখ্যাগুলি;  
আমার চোখের ঠিক মাঝখানে তোলা আছে  
তার একটিমাত্র পাসপোর্ট সাইজের শাদাকালো ছবি  
আমার প্রেমিকা তার নাম সুদূর নীলিমা,  
রক্তিম গোধূলি,  
নক্ষত্রখচিত রাত্রি, উজ্জল ঝর্নার জলধারা  
উদ্যানের সবচেয়ে নির্জন ফুল, মন হত করা বিষণ্ণতা  
সে আমার সীমাহীন স্বপ্নের জগৎ;  
দুঁচোখে এখনো তার পৃথিবীর সর্বশেষ রহস্যের মেঘ,  
আসন্ন সন্ধ্যার ছায়া-  
আমার প্রেমিকা সে যে অন্তহীন একখানি বিশাল গ্রন্থ  
আজো তার পড়িনি একটি পাতা, শিথি নাই  
এই দুটি অক্ষরের মানে।

42.

MY BELOVED

এখন আমার সঙ্গী

My beloved-her name is  
Very simple, just two letters -  
It could well represent  
Rivers or flowers.  
This two dimensional name  
Might be that of a bird, tree or any plants  
It's actually simpler, an easy, intimate name  
Which everyone knows  
My beloved - I have first seen her

In far away, 'Ujjayinipur'  
It's a million miles across the seas  
Where she stays alone.  
But her real dwelling place is nowhere but  
The middle of my heart.  
Her phone number is not in any notebook  
But it's written in my ribs.  
Her only photograph is framed  
In between my two eyes.  
My beloved - her name is the distant blue  
The golden twilight,  
The star studded night, the vigorous water fall.  
The lone-beautiful flower of the orchard  
The heart-breaking loneliness.  
She is my endless dream world  
The last cloud of mystery of the world  
Are her two lustrous eyes, -  
The shadow of the lovely evening -  
My beloved - she is an endless, unexplored book.  
So far, I have not read one page,  
I've not learnt the meaning  
Of these two beautiful words.

৪৩.

কেমন ফিরিয়ে দিলে জীবনের মোড়

কেমন ঘুরিয়ে দিলে তুমি এই জীবনের মোড়  
পাল্টে দিলে বিশুদ্ধ নদীর গতিপথ-  
এখন ভাসিয়ে দিয়ে অরণ্য-পর্বত  
অবিরাম ছুটে যায় মোহনার দিকে;  
কীভাবে ফিরিয়ে দিলে তুমি এই জীবনের গতি  
কেমন বদলে দিলে বাঁধাধরা ছক,  
সমুদ্রে ঝড়ের মুখে নাবিক যেমন  
সহসা ঘুরিয়ে নেয় নির্ধারিত পথ  
তুমিও তেমনি সম্পূর্ণ ঘুরিয়ে দিলে এই জীবনের চাকা  
চোখ মেলে দেখি তাই জীবনের অন্য এক মানে।  
কখন জাগিয়ে দিলে শুষ্ক বৃকে অন্তহীন আশা  
কখন বইয়ে দিলে ভীষণ মরুর বক্ষে  
শীতল বাতাস,  
এই মরা নিশ্চল নদীতে নিয়ে এলে কখন জোয়ার  
আর কখন বা এই মেঘে ঢাকা আকাশে চন্দ্ৰিমা;  
কেমন ফিরিয়ে দিলে তুমি এই জীবনের মোড়-  
নিয়ে এলে অন্য ঋতু, জীবনের অন্য এক ভোর।

43.

HOW YOU HAVE CHANGED THE WAY OF MY LIFE

কেমন ফিরিয়ে দিলে জীবনের মোড়

How you have changed  
The way of my life - changed  
The destination of this dry river -  
Now, washing out the mountain, woods  
I am running out to the estuary  
How you changed  
The way of my life  
How you have rewritten  
My daily routine,  
Like the sailor - who suddenly  
Changes the destination of the ship  
When a sudden storm appears  
You have also suddenly turned  
The wheels of my life.  
Opening my eyes now I can see  
A totally new world  
The different, new meaning of life.  
When did you rekindle  
The light of hope in my life.  
When did you create the soft cool breeze  
In my dry, arid heart,  
When did you bring the strong tide  
In this dead, desolate river!  
When did you bring the marvelous moon  
In this cloudy sky!  
How have you changed  
The way of my life -  
You have brought back another season,  
Another sunny, bright morning to my life.

88.

বুঝবে না কেউ

বুঝবে না কেউ কেন যে এমন  
পাথায় করেছি ভর,  
দাঁড়াবার মতো মাটি নেই কোনো  
বসবার মতো ঘর।

বুঝবে না কেউ কেন যে এমন  
আকাশে উড়েছি একা,  
পাইনি কোথাও তৃষ্ণার জল  
পাইনি মেঘের দেখা।



কেন যে এমন দিয়েছি মাশুল  
দুহাতে ঢেকেছি মুখ,  
বুঝবে না কেউ সে-কথা কখনো  
কোথায় দুঃখ-সুখ।

বুঝবে না কেউ কেন যে এমন  
নিজেই ছিঁড়েছি মালা,  
কখনো কখনো কাঁটার চেয়েও  
ফুলেই বিষম জ্বালা।

44.  
NOBODY WILL UNDERSTAND  
বুঝবে না কেউ

Nobody will understand  
Why I am on wings,  
There is not any place to stand,  
Any room to sit.

No one will understand  
Why I fly in the sky alone,  
There is not any drop of water  
To drink, no clouds.

Why did I pay the heavy price  
Why covered my face with bare hands,  
No one will understand my feelings  
Where is the joy where is sorrow

No one will understand  
Why I have torn the garland apart.  
Sometimes flowers hurt  
More than the thorns.

৪৫.  
তুমি ছাড়া

কে আমাকে এমনি করে  
বাসতে পারে ভালো,  
এমনি করে ভিতর-বাহির  
করতে পারে আলো!

45.  
EXCEPT YOU  
তুমি ছাড়া

Who can love me like this  
Except you,  
Who can light up  
My world inside and out

৪৬.

কিভাবে তোমার দিকে ছুটে যাই

তুমি তো জানলে না এই যে আমার ব্যর্থ দিন  
আর রাত্রি যাপন,  
এই যে তোমার উদ্দেশে ইথারে পাঠিয়ে দেয়া  
অনন্ত চুম্বন-  
সেই অদৃশ্য চুম্বনগুলি সমুদ্রের ঢেউয়ের মতো  
আছড়ে পড়ে তোমার সৈকতে;  
তুমি তো জানো না, তোমার সুদূর ওষ্ঠে  
পৌঁছেনি যে ব্যর্থ চুম্বন  
তারা হয়ে গেছে একেকটি সামুদ্রিক পাখি  
হয়ে গেছে রঙিন চঞ্চল মাছ-  
মরুর উষ্ণ নিঃশ্বাসের মধ্যে একটু শীতল জলকণা।  
সেই বিহ্বল চুম্বনগুলি খাঁচায় বন্দী পাখির মতো  
ডানা ঝাপটায়,  
ছটফট করে ডাঙায় তোলা চঞ্চল মাছের মতো।  
তুমি তার কিছুই জানো না আমার সুখানুভূতিগুলি  
কীভাবে তোমার দিকে ছুটে যায়,  
কীভাবে তোমার দিকে অবিরাম ছুটে যাই আমি;  
তোমাকে স্পর্শের ইচ্ছা আর এই ব্যর্থ চুম্বনের  
অনুভূতিগুলো  
নামেগার জলপ্রপাতের মতো  
তোমারই উদ্দেশে প্রবাহিত হয়।

46.

HOW I RUSH TOWARDS YOU

কিভাবে তোমার দিকে ছুটে যাই

You have not known  
My meaningless days and nights,  
I send my endless kisses through ether  
My kisses bow down to your shape  
Like the strong tides of the sea;  
You don't know, the unblessed kisses  
Which did not mix with your kiss  
And beautiful sea-gulls.

And colourful vigorous birds -  
A little drop of water like blessings  
In the hot, dry breath of the desert.  
Those confused kisses struggle  
Like captive birds,  
They suffer like fishes on dry land.  
You don't have any idea about my feelings  
Which rush towards you.  
How I keep rushing towards you;  
My desire to touch you  
And the passion behind -  
These unblessed kisses  
Flow like Niagara falls  
Towards you.

৪৭.

পারিনি

পারিনি কিছুই আমি, এই ঝড়  
তখনছ করে দিয়ে গেছে বাড়িঘর,  
ওলটপালট করে গেছে বন  
ভিতর-বাহির ত্রিভুবন;  
মুখ খুবড়ে পড়ে গেছে প্রিয় কচি চারা  
পারিনি রাখতে তাকে খাড়া,  
কেমন পড়েছে ঢলে লাউ-কুমড়ো লতা  
তাকে দেইনি আশ্রয়-উষ্ণতা;  
কিছুই পারিনি আমি, ঘূর্ণিঝড়  
করেছে তখনছ আমার সংসার-ঘর,  
বুক দিয়ে ঠেকাতে পারিনি বিপর্যয়  
বাঁচাতে পারিনি তোকে, ওরে কিশলয়।

47.

I COULD NOT DO

পারিনি

I could not do anything,  
The storm pulled down houses  
Wiped out the forest  
Shattered the inside and outside  
Of my whole world;  
My favorite green sapling  
Pulled out from its roots,  
I could not help it stand erect,  
How the vegetation's are destroyed  
I could not give them any warmth or shelter;  
I could not do anything,

The cyclone devastated my home,  
I could not save it from the destruction  
I could not save you,  
Oh! my sweet sapling.

৪৮.

কিছুই পারিনি

আমি কিছুই পারিনি, ঠেকাতে পারিনি এই  
অশুভ ভাঙন,  
এই ধ্বংস, সর্বনাশ-  
আমার চোখের সামনে থণ্ড থণ্ড হয়ে গেলো  
মানুষ, পৃথিবী  
আমি তার পথ রোধ করে দাঁড়াতে পারিনি।  
কিছুই পারিনি আমি, শুয়ে পড়ে থামাতে  
পারিনি জল, রক্তস্রোত  
একটি শিশুর বুকে পারিনি আশার ফুল কখনো ফোটাতে;  
আমার সম্মুখে কতো ঝরে গেলো মানুষের স্বপ্ন-ভালোবাসা  
নীরবে শুকিয়ে গেলো কতো হৃদয়বেগ-  
আমি ঠেকাতে পারিনি এই বিচ্ছেদ-বিরোধ,  
হানাহানি,  
ঠেকাতে পারিনি এই ঘরভাঙা, ব্যবধান, সমূহ পতন।  
কিছুই পারিনি আমি, থামাতে পারিনি একটি  
কাল্লার রোল,  
নেভাতে পারিনি কোনোখানে দাউ দাউ হিংসার আগুন  
পারিনি মোছাতে দুচোখের অবিরল অশ্রুধারা-  
কতো মানচিত্র মুছে গেলো, আমি কিছুই পারিনি।

48.

I COULDN'T DO ANYTHING

কিছুই পারিনি

I couldn't do anything,  
Could not stop the unwanted destruction,  
This disruption, fatal action -  
All the world and its people  
Have just been stattered in front of me.  
I could not protect them.  
I could do nothing,  
Putting a barricade with my body  
I could not change the flow of water -  
Or the current of blood.  
I could not make the flower bloom

In the bosom of a child;  
How many people's sweet dreams  
Turned to nightmares  
Right in front of me.  
The everflowing emotions dried out without a murmur.  
I could not stop this separation, quarrel, fighting,  
Could not bridge this gap,  
Or check the chaos.  
I could not do anything  
Could not soothe a crying soul  
Or grow affection in a jealous heart.  
Could not wipe out the endless tears  
Many maps have vanished  
From the world  
I could not do anything.

৪৯.

ছায়ার ভেতরে ছায়া

ছায়ার ভেতরে আরো ছায়া হয়ে যাই,  
শূন্যতার ভেতরে আরো গভীর শূন্যতা-  
রাত্রির ভেতরে রাত্রি, মানুষের ভেতরে মানুষ  
ঘুমের ভেতরে জেগে থাকা জলবন্দী মাছের মতো  
নিজের ভেতরে জেগে থাকি;  
চাঁদ ডুবে যাওয়া দেখি, ছায়াপথে অশরীরী নর্তকীর বিচরণ দেখি-  
এইরূপ স্বপ্নহীন স্বপ্নের ভেতরে ক্রমাগত ডুবে যেতে চাই;  
কার্তুরিয়া কাঠ কাটি দূর চন্দ্রলোকে,  
সমুদ্রের তলদেশে বৃক্ষরোপণ করি একা-  
বুকের ভেতরে খোদাই করি বুক, হৃদয়ের ভেতরে হৃদয়,  
হাওয়াগাড়ি আকাশে মিলিয়ে যায় মুহূর্তে যেমন  
তেমনি শূন্যতার চেয়েও শূন্যতায় হঠাৎ মিলিয়ে যেতে চাই।  
কোনো দুঃখ নয়, অভিমান নয়, খুব ভালোবেসে  
সকলের গলা জড়িয়ে ঠোঁটে চুমু খেয়ে  
ছায়ার ভেতরে ছায়া হয়ে যেতে চাই, আমার ভিতরে আরো আমি-  
আর কিছু নয়, আর কিছু নয়।

49.

SHADOW WITHIN A SHADOW

ছায়ার ভেতরে ছায়া

More emptiness within an emptiness -  
A night within nights, man within other men  
I awake within my own self  
Like the water-trapped fishes -

Who keep awake in their sleep.  
I see the sinking moon,  
I see the alluring dances of the fairies  
In the milky ways -  
I want to go down and down continuously  
Into this dreamless dream.  
Cutting woods in a far away moonscape,  
Sowing the saplings alone -  
Beneath the mysterious sea.  
I curve a heart inside my heart,  
A soul inside the soul.  
I want to melt away suddenly  
In the loneliness which is more than a loneliness -  
Like an airplane vanishing suddenly  
No sadness, no grief -  
Loving dearly, kissing everybody  
I want to become a shadow within a shadow,  
Myself within myself.  
Nothing more, nothing more.

৫০.

আমাকে কি ফেলে যেতে হবে

এই আকাশ কি আমার নয়  
আমি তার শুক্রশা হারাবো?  
এই ভোরের শিশির, উদাসীন মেঘ,  
স্নিগ্ধ বনভূমি  
আমি তার সান্নিধ্যে পাবো না?  
আমাকে কি ফেলে যেতে হবে এই নদীর কল্লোল  
ভাটিয়ালি গান, কাশফুল, চেনা ঝাউবন  
এই দিঘি, জলাশয়, প্রিয় সন্ধ্যাতারা-  
ফেলে যেতে হবে এই স্মৃতির উঠোন  
প্রেমিকার মুগ্ধ চোখ, মায়াময় দিব্য হাতছানি?  
ফেলে যেতে হবে শৈশবের স্মৃতিময় মাঠ,  
হাটখোলা-  
বৃষ্ণের পবিত্র ছায়া, তৃণক্ষেত্র, গ্রামের অথই বিল  
শহরের এই ফুটপাথ, উত্তাল রেস্‌টরাঁ।  
এই নদী কি আমার নয়, বৃষ্ণ কি আমার নয়,  
ভাটফুল, বর্ষার কদম,  
নতুন ধানের গন্ধ, বৈশাখের মেলা,  
রূপালি ইলিশ?  
ফেলে যেতে হবে মায়ের মধুর স্মৃতি,  
পিতার অস্তিম শয্যা,  
বোনের আদর, ভাইফোঁটা, তুলসীমঞ্চ,

সন্ধ্যাপ্রদীপ-

বাউলের গান, সুফি দরবেশের ধ্যানী দৃষ্টি  
শরতের শুভ্র সকাল, বৃষ্টিভেজা দোয়েল-শালিক?  
আমাকে কি অবশেষে ফিলিস্তিনী উদ্বাস্তুর মতো  
ফেলে যেতে হবে এই বাস্তুভিটা, ভদ্রাসন,  
রাইসরিসার ক্ষেত,  
ফেলে যেতে হবে পাণ্ডুলিপি, কবিতার খাতা!

50.

SHOULD I LEAVE ALL THESE BEHIND

আমাকে কি ফেলে যেতে হবে

Does not this sky belong to me?  
Will I lose her nursing?  
The morning dew, the lonely clouds  
The magnificent forests -  
Will not I get their companionship?  
Shall I have to leave the music of rivers,  
Bhatiali songs, Kash flowers and Jhou forests  
This pond the favorite evening star -  
Shall have to leave this memory lane  
The lustrous, satisfied eyes of the beloved,  
Heart-felt charm?  
Shall have to leave the memorable play ground  
Of my adolescent - Hatkhola -  
The sacred shadow of the trees,  
The vegetation, the unreachable marshes of my village.  
The footpaths of the city,  
The noisy restaurant.  
Is this river not mine?  
Are not these trees mine?  
Bhat flowers and the Kadam of monsoon  
The beautiful smell of new rice,  
The fun fair of Bhaishak,  
And the silvery Hilsa fish mine?  
Shall I have to leave,  
The sweet memory of my loving mother,  
The last departure of my father,  
The affection of my sister, and her caressing touch?  
The Tulshi altar, the evening lamp -  
The songs of the Baul, the meditative look  
Of the thoughtful holy man,  
The beautiful, soft, serene morning of autumn,  
The rain showered birds?  
Shall I have to leave my ancestral home  
Like the refugees of Palestine,  
The mustard fields  
Shall I have to leave my manuscripts

My book of poem!

৫১.

আকাশ

কতোকিছু জানা আমার যে অসম্পূর্ণ রয়ে গেছে আজো  
তুমি ধরে না দিলে তা কখনো যে জানাই হতো না;  
এতোদিন আকাশের ভুল অর্থ জেনে তাকে বলেছি শূন্যতা  
জেনেছি আকাশ বলে কিছু নেই  
তুমি চোখ খুলে দিলে বললে আকাশ আছে  
দেখো তাকিয়ে আকাশে,  
আকাশ মিথ্যে হতে যাবে কেন আকাশ আকাশই।  
আমরা তো আকাশই দেখি, শূন্যতা দেখি না,  
না-থাকা দেখি না  
কেন মিথ্যে হবে এই তারাভরা সুন্দর আকাশ  
আকাশের এই অনুভূতি;  
এর আগে আর কোনোদিন আকাশকে এমন করে  
কখনো চিনিনি  
তোমার কাছে আকাশের পরিপূর্ণ ব্যাখ্যা জেনে  
জ্যোতির্বিজ্ঞানের আবিষ্কারও তুচ্ছ মনে হলো।

51.

THE SKY

আকাশ

So many things still remain unknown to me  
If you didn't point out, I wouldn't have known -  
I have persisted with the wrong meaning  
Of the sky - calling it emptiness.  
I knew there was nothing called sky  
You had opened my eyes -  
You had told me,  
Look at the sky - and the sky is there within itself  
The sky is the sky how can it be nothing or a lie  
We only see the sky not the emptiness  
We don't see nothingness.  
Why should star-studded beautiful sky  
Turn into nothingness, a lie;  
The feelings of the sky;  
I had not known the sky  
In such a way before  
Knowing the real meaning of the sky  
I consider the discovery of astronomy  
Nothing more than a trifle



৫২.

লিখে রাখো

আমি প্রতিবাদ করি লিখে রাখো উদার আকাশ  
লিখে রাখো বৃক্ষরাজি, আমি এই মূঢ়তার নিন্দা করি,  
ধিক্কার জানাই এই রক্তপাত, পাশবিকতার-  
আমি সকল সময় কি নিদ্রায় কি জাগরণে অভিশাপ দেই  
এইসব ঘাতক-পিশাচদের, লিখে রাখো সবুজ প্রান্তর।  
আমি তাদের উদ্দেশে পাঠ করি নিন্দার প্রস্তাব  
লিখে রাখো সংসদ, সভ্যতা, লিখে রাখো শুভ সূর্যোদয়,  
আমি এই বর্বরতার মুখে দেই নিষ্ঠীবন;  
লিখে রাখো শোকার্ত হৃদয়, অশ্রু-জল, শুদ্ধ ইতিহাস  
আমি মূঢ়তার চিরদিন প্রতিবাদ করি।

52.

WRITE IT DOWN

লিখে রাখো

O endless, open sky, write it down that I protest  
O trees, write it down that -  
I denounce this ignorance,  
I condemn this bloodshed, brutality, cruelty  
Every time in my sleep and awakening  
I curse these murderers...  
Write it down, O green meadows.  
I read out a statement of protest  
Write it down, O parliament, civilisation  
Write it down, O blissful sun-rise  
I spit at the barbarity of our time  
Write it down - O grieving soul, tears,  
The true history  
I protest forever this bewilderment.

৫৩.

তোমাদের জন্যে লিখে যাবো এই প্রেমের কবিতা

তোমরা আমার বিরুদ্ধাচরণ করো যতো পারো  
আমি খুব নিরিবিলাি বসে এইভাবে  
তোমাদের অশ্লীল হাসির পরে  
স্বরে স্বরে গোলাপ ছড়াবো;  
তোমরা আমার করো মুগুপাত, ছুঁড়ে দাও  
ব্যঙ্গ-বিদ্রূপের থুথু  
আমি বর্ণবাদীদের হাতে আক্রান্ত কৃষ্ণাঙ্গ গায়কের  
মতো গেয়ে যাবো গান,

আমি আহরণ করে যাবো ভোরের শিশির,  
কলাপাতা, বনের সৌরভ  
তোমরা আমার বিরুদ্ধে করো শলা-পরামর্শ  
খুঁড়ে রাখো ভীষণ গোপন গর্ত পথে  
আমি গর্তে পড়েও কচি ধানের সুঘ্রাণ  
মেখে নেবো,  
আমাকে ডোবাও জলে আমি জলকন্যাদের  
সাথে মিশে যাবো  
রঙিন মাছের স্বপ্ন চোখে নিয়ে আমি লিখে  
যাবো আমার কবিতা।

53.

I WILL BE WRITING THIS LOVE-POEM FOR YOU

তোমাদের জন্যে লিখে যাবো এই প্রেমের কবিতা

You may stand up against me for as long as you can  
I will throw rose petals  
In return of your obscene smiles;  
You take me to task for as long as you can  
Spit your calumnies at me  
I will keep singing like the black singer  
Attacked by a bunch of racists,  
I will be collecting the morning dews,  
The banana fronds, the fragrance of the woods.  
You reunite yourselves against me  
Dig a deep, hidden hole for me.  
If I fall into that hole  
I will drop myself up with the  
Fragrance of tender rice paddy,  
You throw me in the water  
I will go out with the marmade.  
Taking dreams of the golden fishes in my eyes -  
I will continue writing my poetry.

৫৪.

বৃষ্টির প্রার্থনা

দুকূল ছাপিয়ে এসো কবিতা এখন  
বর্ষণে বর্ষণে করো সঞ্জীবিত বন;  
কবিতায় সিক্ত করো শুষ্ক হৃদয়  
মরুভূমি হোক স্নিগ্ধ শান্ত জলাশয়,  
ঘন মেঘে ঢেকে যাক আমার আকাশ  
পোড়ামাটি ফিরে পাক পত্রপুষ্পঘাস।

54.

PRAYERS FOR RAIN

বৃষ্টির প্রার্থনা

Showering on me like blessings  
Poetry- you come to me.  
Make the forest green with rain.  
Drench the parched heart with poetry.  
Let the desert turn into a graceful, calm lake,  
Let my sky be covered with deep, dense cloud.  
Let the burnt soil get back  
Leaves, grass, flowers.

৫৫.

একবার

একবার তুমি আমাকে কাছে ডাকো  
আমি সব দুঃখ ভুলে যাই,  
একটু অমৃত দাও আমি বেঁচে উঠি।  
শুধু একবার আমাকে ফেরাও চিরনির্বাসন থেকে  
নিয়ে চলো কোথাও বনের ধারে, ছায়ামঞ্চে-  
একবার প্রিয় বলে সপ্তাধন করো, ডাক দাও,  
আমি এককোটি আলোকবর্ষ পার হয়ে  
তোমার কাছে ছুটে আসি।  
এপ্রিলের রুম্বু খরায় একবার বৃষ্টিছায়া হও  
দেখা আমি কেমন অনবদ্য গীতিকবিতা হয়ে উঠি,  
শুধু একবার তুমি হাত রাখো বুক-  
আমি এই পৃথিবীকে করে তুলি স্বর্গোদ্যান।  
আমার তপ্ত বুক একবার বৃষ্টি হয়ে ঝরো  
আমি চিরসবুজ করে তুলি পৃথিবীর  
সব মরুভূমি;  
মাত্র তুমি একবার আমাকে বলো, ভালোবাসি,  
দূরের আকাশ আমি এখানে  
তোমার কাছে টেনে নিয়ে আসি।

55.

ONCE

একবার

I'll forget all my pains,  
If you call me even once.  
Give me some nectar  
And I'll revive myself

Take me back  
From my eternal exile  
Only once  
Take me somewhere else  
Near the lovely wood or the shadowy stage  
Call me even once  
In a beautiful name  
Call me,  
I will rush towards you  
Crossing millions of light years  
Be the shadow of trees once  
In the cruelest month of April.  
You see how I become a lyric,  
Keep your hand  
On my solitary soul only once  
I will make this world  
The garden of paradise.  
You shower yourself like raindrops  
On my dry, bare heart.  
And I'll transform the desert of the world  
Into an ever-green world;  
Only once you tell me,  
'I Love You'  
I will bring down the far away sky to you.

৫৬.

দান

আমি চাই একটি ছোটো নদী,  
তুমি দাও অসীম সমুদ্র-  
আমার চাওয়া শ্যামলা মাটির ঘর,  
তুমি দেখাও রাজার অন্তঃপুর।  
আমি চাই একটুখানি ছায়া,  
তুমি দাও স্নিগ্ধ নীলাকাশ-  
আমার চাই একটু সবুজ জমি,  
তুমি করো অনন্তে চাষবাস।  
আমি চাই কোনো সজল মেঘ,  
তুমি বলো অনন্ত অশ্রু-  
আমি চাই একটি স্নেহের হাত,  
তুমি দেখাও বিশ্বচরাচর।

63.

THIS MENDICANT LIFE

এই বাউল জীবন

If I could pass my time

Walking beside you  
Then who would be more happy  
Than me in this world!  
Who would be more lucky  
Than Me!  
If I could pass my day  
Walking beside you,  
Then what else will I need  
In my life?  
What more to ask for?  
If I could pass my life  
Walking beside you like an eternal wanderer  
If I could pass my life  
Like a mendicant, like a child  
Walking beside you,  
Then what would be a more happy moment  
In my life -  
If my life would be  
A mendicants life, or a lover's  
If only!

৬৪.

চেয়েছিলাম

তোমার কাছে চেয়েছিলাম  
আঁজলা ভরে জল,  
চেয়েছিলাম একটু ছায়া  
দয়র্দ্র আঁচল;

তোমার কাছে চেয়েছিলাম  
একটি মাটির ঘর-  
চেয়েছিলাম স্নেহছায়া,  
মায়াবী অন্তর;

তোমার কাছে চেয়েছিলাম  
নিবিড় মেঘদল;  
চেয়েছিলাম ব্যাকুল চোখে  
অশ্রু-টলমল।

64.

I WANTED FROM YOU

চেয়েছিলাম

I wanted a handful of water from you  
And a little shade  
An affectionate shelter

I wanted a mud-house from you  
A caring shade  
A kind heart.  
I wanted dark clouds from you  
And a pain of eager eyes.  
Full of tears

৬৫.

আমার সম্পদ

এতো ব্যর্থতার মধ্যে তুমিই আমার  
একমাত্র সাফল্য জীবনে,  
এতো পরাজয়ে তুমিই একমাত্র জয়  
সব অপমানের ভেতর তুমিই কেবল  
গৌরব আমার।  
চারদিকের এতো দুঃসময়ে তুমিই আমার  
মাত্র সুসময়  
এতো খরা, অনাবৃষ্টি আর ঘন কুয়াশার মাঝে  
একমাত্র তুমিই আমার বসন্তের ঋতু,  
শস্যের খামার।  
এই হতভাগা গরিবের জীবনে তুমিই একমাত্র  
মহার্ঘ সঞ্চয়,  
একমাত্র তুমিই এই ভূমিহীনের একখণ্ড ভূমি  
এই ব্যর্থ ভিখিরির তুমিই মাত্র  
দুর্লভ সম্পদ।

65.

## MY POSSESSION

আমার সম্পদ

You are the only success in my life  
Among all these failures,  
You are the only triumph  
Among all these defeats -  
You are the only glory  
Among all these insults.  
You are my only prosperous time  
Among all these hard times -  
You are the only spring,  
The only green vegetation of my life.  
Among the drought and dense fogs.  
You are the only savings  
In the life of this unfortunate poor fellow.  
You are the only precious piece of land  
Of this landless man-  
You are the only rare possession  
Of this defeated beggar.

৬৬.

গোধূলির গান

এই অপরাহ্নে প্রতিদিন অন্তত কয়েক শো বার  
তোমার জন্য আমার মন খারাপ হয়  
আমি দূর সমুদ্রের দিকে তাকিয়ে থাকি  
নীল সমুদ্রের মতো তোমার গভীর দুটি চোখ  
আমার মনে পড়ে যায়  
তুমি কি জানো না আমি দুবন্দ মানুষ  
তোমার জন্য বেঁচে আছি!  
এক আকাশ থেকে আরেক আকাশ  
ঘুরে বেড়াও তুমি  
তারাগুলি মনে হয় তোমার চোখের উজ্জ্বলতা  
এই অপরাহ্নে প্রতিদিন অন্তত কয়েক শো বার  
তোমার কথা আমার মনে পড়ে  
আর আমার বিষণ্ণতার মতো নেমে আসে  
গোধূলি  
এতো দূরে থেকেও আমি তোমাকে ধরার জন্য  
হাত বাড়াই  
তোমার মধ্যে ঝরে পড়ে আমার একেকটি অপরাহ্ন,  
একেকটি গোলাপ বাগান,  
নেমে আসে সূর্যাস্ত; তোমার মুখের দিকে

চেয়ে দেখি  
অপরাহ্ন শেষ, রাত্রি আসছে নেমে  
তুমি সব কোমলতা জমা রেখেছো  
রাত্রির বুকে  
ওগো আমার ভালোবাসার মেয়ে,  
চম্পাবতী  
অপরাহ্ন শেষ হয়  
তোমার জন্য সমুদ্রের ঢেউয়ের মতো আমার  
অসংখ্য চুম্বন  
শেষ হয় না।

66.  
SONG OF TWILIGHT  
গোধূলির গান

I feel sad because of you  
A few hundred times this afternoon  
Looking at the far away sea  
I can remember your deep eyes  
Which resemble the blue sea.  
Don't you know that I am a sinking man  
Living my life only for you!  
You roam around from one sky to another  
The stars seem like the brightness of your eyes.  
I feel melancholic for you  
For a hundred times this afternoon.  
And the twilight comes like my melancholy mood.  
I stretch out my hand to hold you  
From so far away.  
And the twilight comes like my melancholy mood.  
I am a far-away rose garden only to hold you.  
The sun sets; looking at your face  
I see the afternoon taking leave  
And the night coming  
In the heart of evening.  
O my loving girl,  
My beloved Champabati,  
You have kept all of your softness  
In the heart of the night.  
The evening ends,  
But my uncountable kisses never end  
Like the wave of sea.



৬৭.

তোমার প্রতিটি বাক্য

তোমার প্রতিটি বাক্যে শুনি যেন  
কোকিলের ডাক  
পুরনো দিনের কোনো প্রিয় গান যেন বাজে  
বাজে কোনো মৃদু তানপুরা;

তোমার প্রতিটি বাক্যে মনে হয় কথা বলে  
আমার হৃদয়  
কথা বলে অনন্ত কালের নদী, স্নিগ্ধ জলাশয়,  
তুমি একেকটি বাক্য শেষ করো  
আকাশ উপচে বৃষ্টি নামে  
আমি পানপাত্র নিঃশেষে উজাড় করে ফেলি;

তোমার প্রতিটি বাক্য আমার হৃদয়ে  
ফোটায় স্বর্ণচাঁপা,  
অঙ্কুরিত হয়ে ওঠে নিবিড় স্বপ্নের চারাগুলি  
তোমার মুখে কথা শুনে মনে হয়  
বহুদিন পর কথা বলে ওঠে  
আমার হৃদয়;  
কথা বলে ওঠে স্তব্ধ নীলাকাশ,  
দূর স্রোতস্বিনী।

67.

EACH WORD YOU SAY

তোমার প্রতিটি বাক্য

Each word you say sounds  
Like the sweet note of a cuckoo.  
As if someone is singing an old favourite song  
Or a tanpura plays on;  
As if my heart speaks  
In every sentence of yours.  
The ever-flowing rivers begging to speak,  
Calm cool lakes become articulate.  
The sky starts showering raindrops  
When you finish a sentence  
And I empty the drinking up;  
Every sentence of yours blooms  
The Sharnachapa in my heart,  
The saplings of my dreams start blossoming  
Hearing your voice  
My heart starts speaking after a long time  
The calm, blue sky finds its voice

And the far away stream.

৬৮.

তুমিই কেবল পারো

তুমি যদি না পারো পাল্টাতে, না পারো  
আমাকে দিতে পুনরায় নতুন জীবন,  
তাহলে আর তো পারবে না কেউ  
আনতে জীবনে কোনো ভোর,  
ঘোচাতে আঁধার রাত্রি, স্বালাতে পিদিম।  
তুমি যদি না পারো বদলাতে  
আমার এ পুরনো জীবন, না পারো  
আনতে এই নদীতে জোয়ার, তুমি যদি  
না পারো ভাসাতে ভেলা, না পারো  
ফোটাতে নববসন্তের ফুল, তাহলে জীবনে  
আর আসবে না কুসুমের ঋতু, মধুমাস;  
এই মলিন জীবন তুমিই রাঙিয়ে  
দিতে পারো, তুমিই কেবল পারো  
করতে আমাকে এক উজ্জীবিত উদ্দীপ্ত মানুষ।

68.

ONLY YOU CAN

তুমিই কেবল পারো

If you cannot change my life,  
Give me again a new life,  
Then no one else can  
Bring any sunny morning in my life,  
No one else can remove the dark night,  
To kindle a light.  
If you cannot change my old life,  
Bring the high tide in this river,  
If you cannot float a raft,  
Blossom the flowers of a new spring  
Than there won't be any season of flowers  
In my life, nor any honeymoon;  
Only you can colour my faded life  
Only you can revive me  
Make me new again.

৬৯.

তুমি

তুমি আমার অরণ্যউদ্যান, স্নিগ্ধ শালবন  
তুমি আমার ভরানদী, শ্রাবণ-বরিষণ;

তুমি আমার যুগল চাঁদের মুগ্ধ নীলাকাশ  
মরুর বৃকে শ্যামল ছায়া, সজল মধুমাস;

তুমি আমার উদাস বাঁশি, রাখালিয়া গান  
তুমি আমার স্বর্ণখনি, ক্ষেতের পাকা ধান।

তুমি আমার শান্ত ভোর, গভীর জলাশয়  
তুমি আমার আলুথালু একখানি হৃদয়;

তুমিই আমার নববর্ষ, বসন্ত-উৎসব  
তুমি আমার মৌনতা আর মুখর কলরব।

69.

YOU

তুমি

You are my dark, deep wood,  
The enchanted fine forest,  
You are my over flowing river,  
The raindrops of Shravan;  
You are my beautiful blue sky  
Of twin moons,  
The soft shade of dry desert,  
The green, glowing sweet month;  
You are my lonely flute, cowboy's songs,  
You are my gold mine, ripe paddy of the field  
You are my calm morning,  
The deep lake.  
You are my disheveled heart;  
You are the new year of my life,  
The festivity of spring  
You are my silence, my resounding festivity.

৭০.

শরীর-রহস্য

আর কবে দেখা হবে ফারিহা তোমার সাথে  
সাকুরায় সেই অপরাহ্নবেলা? সেদিনের মতো

আমরা দুজন মিলে ঘুরে দেখবো প্রদর্শনী সব,  
চিত্রশালা থেকে যাবো গার্ডেনে বেড়াতে  
সেদিন যেমন সারাটি সন্ধ্যা কাটলো মেঘনাপাড়ে বসে  
তেমনি আবার কবে যাবো ফস্‌স লেকের ধারে?  
আমরা দেখলাম ঘুরে বনভূমি, টি-গার্ডেন, পাহাড়-অরণ্য  
দেখলাম খোলা আকাশ-প্রকৃতি,  
কেবল হলো না দেখা তোমাকে-আমাকে  
আমাদের ভিতর-বাহির, শরীর-রহস্য  
এতো জল পান করেও তাই এই তৃষ্ণা গেলো না।

70.

THE MYSTERY OF THE BODY

শরীর-রহস্য

When will I meet you Fariha  
Another afternoon at Sakura?  
The two of us will visit all the exhibitions.  
We will go to the garden from the art galleries.  
When will we go to Fay's lake  
As we passed the whole evening  
Sitting beside the bank of Meghna?  
We saw the woods, tea-gardens,  
Mountains, forests,  
We saw the open sky, the abundant nature,  
Only I could not see us  
Our inside-outside,  
The mystery of our bodies  
I could not quench my thirst  
Even after drinking so much water.

৭১.

তোমার ভাস্কর্য

কখনো তোমার দিকে চোখ তুলে তাকাইনি আমি  
পাছে কেউ ভাবে কী দেখি অমন করে  
কিংবা তোমার চোখে চোখ পড়ে যায়; তুমি যদি  
জানতে চাও কী দেখি তোমার দিকে  
তার কোনো সদুত্তর আমি দিতে পারবো না জানি;

তোমাকে দেখার চেয়ে এ মুহূর্তে আর কোনো পুণ্যকাজ নেই,  
তবু তোমার দিকেই চোখ মেলে তাকানো হলো না-  
যদিও ফেরাতে চোখ বড়ো কষ্ট হয়, আমার  
অবাধ্য চোখ আটকে থাকে তোমার দেহের কারুকাজে,

তোমাকে বলতে পারি সুন্দরের অনন্য প্রতীক  
তাই তোমারই ভাস্কর্য শুধু আমার হৃদয়ে;

তোমার সুন্দর মুখ, দীর্ঘ কেশদাম, অপূর্ব  
হাসির ছটা দেখে আমি শুধু মনে মনে গড়ে তুলি  
স্বপ্নের প্রতিমা; আমার দুঁচোখে শুধু ভাসে  
তোমার প্রসন্ন মূর্তি; আমি পদমূলে  
তপস্যায় বসি, চোখ বুজে ধ্যান করি  
তোমার দিব্যমূর্তি, দেখি দেবী তুমি,  
তুমিই মানবী, তুমিই আমার অনন্ত আকাশ।

71.

YOUR SCULPTURE

তোমার ভাস্কর্য

I have never looked at you straight  
Lest someone thinks it odd  
Or have an eye contact with you;  
If you want to know -  
What I see in your eyes  
I know I won't be able to give you  
Any acceptable answer;  
Nothing is more holy now than  
Looking at you  
Though I could not take away my eyes from you,  
My restless eyes become hypnotised  
Looking at the art work of your body,  
You are the art of beauty  
Therefore, your sculpture is only in my heart;  
In my mind I build up a dream work of art  
Looking at your beautiful face,  
The long hair, the unparalleled smile;  
I can only see your gracious image.  
As if I sit down to meditate  
At your feet.  
I do the meditation  
Thinking about your celestial figure,  
I see you are the goddess,  
You are my sweet-heart,  
You are my eternal sky.

৭২.

ছায়াসঙ্গী

এভাবেই একদিন জীবন হারিয়ে ফেলে সব  
হয়ে পড়ে দুঃখের বেদিতে এক অসহায়

ব্যর্থ গায়ক  
তার অধিকারে থাকে না কিছুই আর,  
খুব দ্রুত চলে যায় জীবনের দিনরাতগুলি;  
কীভাবে বদলে যায় মাঠ, জীবনের বংশীবাদক  
কেবল বাজিয়ে যায় অকৃত্রিম শব্দহীন  
নিখর বাঁশিটি;

জীবনের এই মুগ্ধ সরোবরে সতত সাঁতার কাটে  
এই অদৃশ্য সাঁতারু;  
কিছুই লাগে না কাজে, পড়ে থাকে  
উজ্জ্বল উদ্যান  
সেখানে বসে না আর সুশীল  
পাখিরা,  
ফোটে না সেখানে আর সুচারু কুসুম;  
জীবনের মাঝমাঠে এভাবেই একদিন  
অবান্তর হয়ে যায় বহু পরিচিত মুখ  
বহু সুন্দর-বান্ধব হয়ে যায় একদা জীবনে  
বুঝি মৃত নদীর উপমা।

জীবনে কেমন দেখা অপ্রাসঙ্গিক হয়ে পড়ে অধিকাংশ  
উদ্ধৃতি, অধ্যায়,  
এভাবেই ফুরিয়ে যায় জীবনের বহু প্রয়োজন  
সঙ্কুচিত হয়ে যায় পথ;  
জীবন নিজের মতো বয়ে চলে,  
কেউ নেই, শুধু নিজেই নিজের  
বুঝি ছায়াসঙ্গী তার।

72.

SHADOW-COMPANION

ছায়াসঙ্গী

Life loses everything just in a day  
Becomes a failed singer of the alters of sorrow  
Who does not have anything  
In his possession,  
The days and nights of life pass swiftly away  
How the surrounding changes,  
But the flutist plays on  
His silent, sincere flute;  
This invisible swimmer swims ceaselessly  
In the charmed lake of life;  
Nothing is useful here, the bright field  
Lies abandoned  
No birds perch there

No beautiful flowers bloom ;  
In this way in the middle of life  
Many known faces become unknown  
Many well-wishers, and friends become  
The similes of dead river of long past life.  
Look how most of the chapters and  
Quotations become irrelevant  
In this way many of the needs of life  
Become limited,  
The roadway also becomes narrow  
Life goes on as it is,  
No one is there, only  
The shadow-companion.

৭৩.

উপহার

এতো ফুল কোথায় রাখি নাই সে ফুলদানি  
ছোট্ট ফ্রিজে ধরে না কেক,  
আপেল অভিমानी!  
কোথায় আমি রাখবো এতো ভালোবাসার মালা  
তোমার দানে ভরে গেছে আমার শূন্য থালা;  
কোথায় রাখি এই উপহার, সাত আকাশের তারা  
আর কিছু নেই আমার তো এই হৃদয়খানি ছাড়া।

73.

GIFT

উপহার

Where can I keep these flowers  
There is no vase around  
My small refrigerator is not enough  
To hold the cake,  
Apples become heart-broken!  
Where will I keep these garland of love  
My empty plate is now full  
With your gift;  
Where can I keep these gifts  
Stars of seven-skies,  
I have nothing more  
Except this lone heart.

৭৪.

তুমি তো আমার দেবী

তুমি তো আমার দেবী,  
তুমি তো আমার শকুন্তলা,  
যা কিছুই বলি না কেন তুমি তার ছেও বেশি।  
তুমি আমার তৃষ্ণার জল,  
ক্ষুধার অন্নখালা  
এ জীবনে বাঁচার আশ্রয়;  
তুমি তো বর্ষার মেঘ, তুমি তো  
আমার ঝর্নাধারা।  
তুমিই আমার নাটোরের বনলতা সেন,  
ঢাকার অনিন্দিতা-  
বিশ্বসুন্দরী ঐশ্বর্য-সুস্মিতা,  
তুমিই আমার অপ্রকাশিত  
কাব্যসমগ্র;  
তুমি তো আমার দেবী, দেবযানী,  
তুমি তো লাইলী  
শিরি ঠিকই  
তুমিই তো বর্ষার নদী, বিষাদপুরাণ।  
তোমার জন্য আমি আমার মনুষ্যজন্ম  
উৎসর্গ করেছি  
তুমি তো আমার দেবী, তুমিই মানবী।

74.

YOU ARE MY GODDESS

তুমি তো আমার দেবী

You are my goddess  
You are my Sakuntola  
You are more than what I can say.  
You are the thirst quenching water  
A plateful of food in hunger  
You are the shelter for my life;  
You are the cloud of monsoon,  
You are my waterfall.  
You are my Banalota Sen of Natore,  
Anindita of Dhaka -  
Beauty queen Ashwariya, Sushmita  
You are my unpublished selected poems  
You are my goddess, Debjani.  
You are Laiiee, Sheree  
You are the river of monsoon,  
The saga of loss  
I have dedicated my human birth for you,  
You are my goddess, you are my beloved.



৭৫.

আমাকে গ্রহণ করে না কেউ

আজ আর আমাকে গ্রহণ করে না কেউ  
নিভৃত মাছের চোখ  
ক্ষেতের নিবিড় শস্য, বৃষ্টির ফোঁটা  
সবুজ উদাস মাঠ, দীর্ঘ শালবন  
নির্জন শালিক আর শান্ত নদীতীর;  
আমাকে গ্রহণ করে না আর ব্যস্ত শহর, শহরের কৃত্রিম মানুষ  
তাদের কপট দৃষ্টি, চতুর আঙুল  
গ্রহণ করে না এই রঙিন ফোয়ারা,  
ফ্লাডলাইট,  
উজ্জ্বল আলোকসজ্জা,  
আমাকে গ্রহণ করে না এই সান্ধ্য আসর  
কোমল কার্পেট, এইসব বিখ্যাত দরোজা;  
একমাত্র ভালোবেসে গ্রহণ করে  
স্নেহময় তোমার দুইটি হাত, দশটি আঙুল।

75.

NOBODY ACCEPTS ME

আমাকে গ্রহণ করে না কেউ

Nobody accepts me now  
The eyes of a lonely fish,  
The intence crops of the field, raindrops.  
The green solitary field, forest of tall shals.  
Lonely doves and quiet river bank;  
The busy city doesn't want me,  
Or its insubstantial denizens  
Their fake looks, cunning fingers,  
Do not accept this colourful -  
Fountain, floodlights, the bright illumination  
The evening party doesn't welcome me.  
Or the soft carpet, these famous doors;  
Accept me only with love  
And with your loving hands, your ten fingers.

৭৬.

নারী

খররৌদ্র বাঁচে বৃষ্ণ নারীর ছায়ায়  
নদী মরে যায়, নারী দেয়  
সুশীতল জল;

দূষণপীড়িত এই প্রকৃতিও চায়  
নারীর শুশ্রূষা-  
আমিও উদ্ভিদ এক পাবো না একটু কেন  
নারীর আশ্রয়?  
চৈত্রের আকাশ জানে নারী তার  
একখণ্ড মেঘ  
মরুঅঞ্চলের সমস্ত সবুজ এই নারী;  
চিরবরফের দেশে নারী শুধু একমাত্র ফুল-  
ঘোর অমাবস্যায় এই নারীই পূর্ণিমা।

76.

WOMAN

নারী

It is in the shadow of a woman  
That a tree gets shelter from the scorching sun  
Rivers dry out, woman gives  
Cold soothing water;  
This polluted nature also wants  
The nursing of woman -  
I am also a plant  
Why will I not get the shelter of woman?  
The hot humid sky of April  
Also knows that  
Woman is her only piece of cloud,  
The whole green of the desert is this woman;  
Woman is the only flower  
In the ice bound country -  
This woman is the full moon  
In the midst of dark night.

৭৭.

আমার সমস্ত ভার

আমার সম্পূর্ণ ভার দিয়েছি তোমার হাতে  
তুমি ইচ্ছমতো গড়তে ভাঙতে পারো,  
ফেলে দিতে পারো;  
জন্মান্বকে প্রথম দেখাতে পারো  
পৃথিবীর আলো  
এই মৃতকেও দিতে পারো নবজন্ম,  
নবীন জীবন।

আমার সমস্ত ভার দিয়েছি তোমার হাতে  
উত্থান-পতন, জয়-পরাজয় কেবল তোমার

ইচ্ছে,

তোমার করুণা ছাড়া আমি চলচ্ছক্তিহীন  
স্ববির, অথর্ব একেবারে।

তোমাকে ধরেই উঠে দাঁড়াই আবার,  
চলি পথ, পাহাড় ডিঙাই,  
সমুদ্র সাঁতরে পার হই,  
তোমাকে ভরসা করে অতিক্রম করি  
জীবনের যতো দুঃসময়।

আমার সমস্ত ভার তোমার ওপর  
যে-কোনো বিষয়ে তুমি দিতে পারো  
যোগ্য পাঠ-  
তুমিই শেখাতে পারো ভালোমন্দ,  
উচিতানুচিত  
উপযুক্ত শিক্ষকের মতো স্বচ্ছন্দে বোঝাতে  
পারো জটিল গণিত;  
আমার সমস্ত ভার তোমার ওপর  
তোমাকে বলতে পারি অথই নদীতে এই অথর্বের  
একমাত্র সাঁকো।

77.

ALL MY BURDENS

আমার সমস্ত ভার

All my burdens I have given  
In your hand  
You can make them, repair them.  
Mould it and throw it away;  
You show the light of the world  
To the blind for the first time  
This dead man also can get  
A new life, new birth.  
All my burdens - I have given  
In your hand  
My ups and downs, my victories and defeats - all  
Are at your command,  
I cannot move, without your mercy -  
I am motionless, static, disabled  
I can again get up holding you,  
I can walk, cross the hill,  
And cross the sea swimming,  
I pass the hard time of life  
Leaving on you  
All my burden - I have given to you.

You can give me any lesson on any topic,  
Only you can teach me about good, evil, rights and wrongs.  
You can teach me the hard mathematics  
Like the most effective teacher.  
All my burdens are on you  
I can tell you;  
You are the only bridge over the river  
For this handicapped man.

৭৮.

তুমি এলে

তুমি এলে এই কবিতার বিষণ্ণ খাতায়  
আসে আবার বসন্তকাল,  
ফোটে ছত্রে ছত্রে জুঁই ও কনকচাঁপা-  
উড়ে আসে প্রজাপতি, গায়ক পাখিরা;  
একবার তুমি এলে একলক্ষ বার  
আসে বসন্তের ঋতু  
এই কবিতার বিবর্ণ খাতায় ফুটে ওঠে পত্রপুষ্প  
অনন্ত ইমেজ।  
তুমি এলে আমাদের কবিতার বিশুদ্ধ নদীতে  
আসে নতুন জোয়ার  
কেটে যায় কবিতার ভীষণ দুর্দিন-  
দীর্ঘ খরা শেষে আবার আকাশে মেঘের বর্ষণ;  
তুমি এলে এই কবিতার ধূসর খাতায় নেমে আসে  
শব্দের রূপালি ঝর্ণা  
ভরে ওঠে অজস্র সোনালি শস্যে শূন্য খামার।

78.

WHEN YOU COME

তুমি এলে

When you come - the spring again  
Comes to the sad book of my poems  
In every word blooms Jui and Kanakchanpa -  
The butterfly comes flying, and the singing birds;  
If you come just once  
The spring comes a thousand times.  
The ever-lasting image flashes out  
In the grey pages of my poems.  
When you come  
The new flow comes  
The dry rivers of our poems.  
Gets a new flow

The hard days of poems pass by -  
After long time of drought -  
There comes the sprinkling of clouds;  
When you come - the silvery fountain of words  
Starts dancing in this gray copy of poems.  
The empty farmyard becomes full  
With a bumper production  
Of golden grains.

৭৯.

উদ্বাস্ত

এই আমি কোথায় থেকে  
কোথায় এলাম  
কোন বনে পথ হারালাম,  
পথ হারালাম!

সেই যে রাতের বৃষ্টি নামা  
ভিজে ফুলের মিস্তি গন্ধ,  
নদীর জলে সরপুঁটিদের লাফিয়ে পড়া  
আম-কাঁঠালের স্নিগ্ধ ছায়ায়  
সারাদুপুর বসে থাকা,  
বসে থাকা।

কোথায় থেকে কোথায় এলাম  
কোন নদীতে গা ভাসালাম,  
মনে পড়ে না, কিছুই এখন  
মনে পড়ে না।

কোথায় যাওয়ার কথা ছিলো  
কোথায় এসে উঠে পড়েছি,  
পথ চিনি না, ঘাট  
চিনি না  
কারো কোনো মুখ চিনি না,  
অচেনা এই সব বাড়িঘর, শহর, মানুষ  
এতো আলো তবু আঁধার যায় না কেন!

কোথায় থেকে কোথায় এলাম  
কোন অচেনায় পা বাড়ালাম,  
বাস্তুভিটা-মাটি ছেড়ে  
ছলছাড়া কোথায় এলাম  
রাতিরে গা শিউরে ওঠে  
পথ চিনি না, মুখ চিনি না।

79.

REFUGEE

উদ্ভাস্ত

When did I come from where  
Lost my way in which woods  
lost my way!  
That rain coming  
In the middle of night  
The sweet fragrance of wet flowers,  
The thrashing of fishes in the water  
Sitting idly all through the day  
In the gentle shades of  
Mango and Jack fruit trees  
Sitting idle the whole afternoon.  
Where did I come from  
In which river have I bathed  
I cannot remember  
Cannot remember now.  
Where was I supposed to go  
Where have I come at last,  
I do not know the way, the destination  
The faces are also not known.  
The houses are unknown, cities,  
So much light but why my darkness  
Does not go!  
Where have I come at last -  
Which unknown destination have I started for  
Leaving behind the homestead  
Like a bohemian  
I feel fear in my bones at night  
I know no faces, no roads.

৮০.

ফুটেছে ফুল, বিরহী তবু চাঁদ

ফুটেছে ফুল ঠোঁটের মতো লাল  
আকাশে চাঁদ বিরহী চিরকাল;

কে যেন একা গাইছে বসে গান  
সন্ধ্যা নামে, দিনের অবসান।

দূর পাহাড়ে শান্ত মৃদু পায়ের  
রাত্রি নামে স্তব্ধ নিঝুম গাঁয়ে;

শূন্যে ভাসে মেঘের জলাশয়  
এই জীবনে সবকিছুই তো সয়।

বিরহী চাঁদ মোমের মতো গলে  
বুকের মাঝে কিসের আগুন জ্বলে;

মন পড়ে রয় কোন অজানালোকে  
নিজেকেই সে পোড়ায় নিজের শোকে।

ফুটেছে ফুল ঠোঁটের মতো লাল  
বিরহী চাঁদ বিরহী চিরকাল;

ফুটেছে ফুল বিরহী তবু চাঁদ  
বাইরে আলো, ভেতরে অবসাদ।

80.

FLOWERS HAVE BLOOMED  
BUT THE MOON IS STILL LONESOME  
ফুটেছে ফুল, বিরহী তবু চাঁদ

Flowers have bloomed, red like the lip  
The moon in the sky is lonesome forever;  
Somebody is singing a song alone  
The day recedes, and night comes.  
Nights falls in the quiet, serene village  
In the far away hills in soft foot steps;  
Life accepts every hardship  
The empty ponds of cloud  
Float in the sky.  
What fire burns in my soul  
As the lonely moon starts  
Melting like candles;  
Solitary soul lingers an unknown land  
Burns herself in her own sorrow.  
Flowers have bloomed, red like the lip  
The lonely moon is lonesome forever;  
Flowers have bloomed but the moon is lonesome,  
Outside, its dazzling bright  
But inside, there is only dark weariness.

৮১.

আজ রাতে

আজ রাতে লেখা হবে ভালোবাসার  
একটি কবিতা,

আজ রাতে আকাশের বুক্বে হবে  
অনন্ত বর্ষণ;  
আজ রাতে আমার আঙুলে হবে  
শব্দের ম্যাজিক,  
আজ রাতে আঁকা হবে পৃথিবীর  
সেরা ছবিখানি।  
আজ রাতে একফোঁটা অশ্রু-জল  
জমা হবে বুক্বে;  
একশো বছর পর আজ রাতে লেখা হবে  
প্রেমের কবিতা।

81.  
TONIGHT  
আজ রাতে

Tonight a lovepoem  
Will be written  
Tonight, endless rain  
Will flood the sky  
Tonight in my fingers  
There will be a magic of words  
Tonight, the best picture of the world  
Will be painted  
Tonight a drop of tear will form;  
In this heart  
Tonight after a hundred year  
A love poem  
Will be written.

৮২.  
আজ রাতে

আজ রাতে আমি লিখবো না বিষগ্ন কোনো কাব্য  
আকাশ সাক্ষী সারারাত তোমাকেই শুধু ভাববো;

এই রাতে চাই শুধু তোমাকেই ভালোবাসতে  
বেয়ে গন্ডোলা দুজনে মেঘের নদীতে ভাসতে;

আজ রাতে আমি লিখবো কেবল প্রেমের পদ্য  
তোমার দুইটি ওষ্ঠ পৃথিবীর যেন শ্রেষ্ঠ মদ্য;

এই রাতে আমি গাইবো কেবলই সুখের গান



তুমি যদি পারো ভাসাও চাঁদের নীল সাম্পান;

আজ রাতে আমি লিখবো না কোনো বিষাদগাথা  
ভালোবাসা থাক, ঝরে যাক সব মলিন পাতা;

আজ রাতে আমি শুধু তোমাকেই ভালোবাসবো  
আকাশ ঘুমাক, আমরা প্রেমের নদীতে ভাসবো।

82.

TONIGHT

আজ রাতে

Tonight I will not write any sad elegy  
I swear to the sky, tonight I will only  
Think about you;  
This night I only want to love you.  
Want to float on in the river of the cloud  
On a golden gondola  
Tonight I will only write love-verses  
Your lips are like the world's oldest vintage  
This night I will only sing  
The song of joy.  
If you can, float on  
The blue sampan of the moon;  
Tonight I will not write any sad elegy  
Let love rule, let al the grey leaves fall;  
Tonight I will only love you  
Let the sky sleep, we will float on  
In the river of love.

৮৩.

তোমার দান

কখন যে এসে তুমি আমার পাশে দাঁড়ালে  
ভরে দিতে জীবনটি দুখানি হাত বাড়ালে;

কখন যে এসে তুমি দু'চোখ মেলে তাকালে  
হৃদয়ে তোমার ছবি আমায় দিয়ে আঁকালে;

কখন যে কাছে এসে আমার ঘুম ভাঙালে  
দিলে তোমার স্নেহধারা এই চিরকাঙালে;

কখন যে এসে তুমি জীবনটাকে ভরালে  
ভালোবেসে আমাকে যে এমন করে জড়ালে;

কখন যে এসে তুমি দুখানি হাত বাড়ালে  
দুঃসময়ে এমন করে পাশে তুমি দাঁড়ালে;

কখন যে এসে তুমি কখন ফের পালালে  
এই ঘরে ভালোবেসে সন্ধ্যাপ্রদীপ জ্বালালে;

কখন যে এসে তুমি আমার কাছে দাঁড়ালে  
আমায় দিতে আকাশ দুখানি হাত বাড়ালে।

83.

YOUR GIFT

তোমার দান

When did you stand beside me and spread your hands  
To fill up my life  
When did you open up your eyes  
To make me draw your picture in my heart;  
When did you come close to wake me up  
To give your affection to this lonely soul;  
When did you come to fill my life  
To surround me with love;  
When did you come to spread your two hands  
To stand beside me in my hardtime;  
When did you come to go back again  
To light up the evening night with love  
In this heart;  
When did you come to stand close to me  
And spread your hands  
To give me the sky.

৮৪.

এই জীবনে

চলো এই জীবনে আমরা আনি আরেক জীবন  
এই নদীতে চলো করি অন্য অবগাহন;  
এই ঘরে আমরা বানাই অন্য কোনো ঘর  
এই জীবনে আমরা তবে ঘটাই রূপান্তর;

চলো এই আকাশে আমরা দেখি অন্য আকাশ  
এই জীবনে আমরা আনি ভিন্ন মধুমাস;  
এই বাগানে আমরা ফোটাই অন্য কোনো ফুল  
বদল করি এই জীবনে কাণ্ড এবং মূল।

চলো এই জীবনে আনি আমরা অন্য জীবন,

এই চোখে আমরা দেখি ভিন্ন নদী, বন।

84.

IN THIS LIFE

এই জীবনে

Lets bring another life in this life  
Take another dip in this river;  
Build another house in this house.  
Then bring a transformation  
In this life;  
Lets see the other sky in this sky  
Bring a different sweet season  
In this life;  
Bloom any other flower  
In this garden  
Exchange the stems and roots  
In this life.  
Lets bring another life in this life,  
Lets see different river, woods  
With these eyes.

৮৫.

হৃদয়ে তুমি চিরআলো

তুমিই জীবনে স্নিগ্ধ সরোবর,  
শান্ত সুরভিত নদী,  
দক্ষ জীবনে কে দেবে ছায়া আর  
বিমুখ হও তুমি যদি;

তুমিই জীবনের সজল ঘন মেঘ,  
থরায় তুমি জলধারা-  
ব্যর্থ প্রহরে শোনাও তুমি গান  
আঁধারে জ্বলো শকতারা।

তুমিই দিয়েছো জীবনে সবকিছু  
পূর্ণ করে দুই হাত,  
তুমিই জীবনের মুগ্ধ ছায়াতরু,  
হারানো সেই মধুরাত;

তুমিই জীবনের মুক্ত নীলাকাশ  
হৃদয়ে তুমি চিরআলো,  
কে আর আনে ভোর তুমি না ঘোচালে  
জীবনের এই ঘন কালো!

85.

YOU ARE THE CONSTANT LIGHT IN MY HEART

হৃদয়ে তুমি চিরআলো

You are the soft brook,  
The quiet tranquil river,  
Who will give the soothing shades  
In this burning life -  
If you turn back from me;  
You are the deep, dense cloud,  
You are showers of rain in a drought  
You twinkle as an evening star  
In the deep, dense darkness.  
You have given everything in my life  
All the abundant gifts  
You are the enchanting shade tree,  
The lost sweet night;  
You are the open blue sky  
The unblinking light in my heart,  
Who else will bring the sunny morning  
If you do not overpower  
The deep darkness of life?

৮৬.

ভালোবাসার আকাশ

বুকের মধ্যে আছে আমার  
ভালোবাসার আকাশ,  
আছে কোমল মাটি ও জল  
স্বপ্নের চাষবাস;

এই আকাশে চাঁদ ওঠে না  
কেবল ওঠো তুমি  
আমাকে দাও শ্যামল ছায়া  
স্নিগ্ধ বনভূমি

ভালোবাসার আকাশ জুড়ে  
দেখি তোমার মুখ,  
মেঘগুলি সব তোমার গোপন  
দুঃখ এবং সুখ;

ভালোবাসার এই আকাশে  
সন্ধ্যা নামে যদি,  
তুমি তখন সন্ধ্যাতারা  
আলোর ভরা নদী

বুকের মধ্যে আছে আমার  
ভালোবাসার আকাশ  
অনন্তের পাখি তুমি  
উড়ছো বারো মাস।

86.

THE SKY OF LOVE

ভালোবাসার আকাশ

In my heart  
I have a sky of love  
There is a soft earth and water  
The cultivation of dreams;  
In this sky there is no moon  
Only you appear there.  
You give me the tranquil shade  
The soft, solitary woods;  
I see your face  
All over the sky of love,  
The clouds are all your  
Hidden pleasures and pains  
If the darkness comes  
In this sky of love  
You are then the evening star,  
The river of light  
I have a sky of love  
In my heart  
You are the bird of eternity  
Flying happily round the year.

৮৭.

তোমার জন্য

কখনো তোমার জন্য আনি নি দুহাত ভরে  
স্বর্ণচাঁপা অথবা গোলাপ,  
নিজেই তোমার জন্য খুব সন্তর্পণে ফুটিয়েছি  
হৃদয় নামক পদ্মটিকে;  
কোনো কোমল কার্পেট কখনো তোমার জন্য  
বিছাইনি আমি-  
কেবল চেয়েছি আমি নিজে হই  
তোমার পায়ের যোগ্য তূর্ণের গালিচা!  
তোমার তৃষ্ণার জন্য বিশুদ্ধ পানীয় আমি  
খুঁজিনি কোথাও  
ভেবেছি তোমার জন্য আমার হৃদয় হবে

স্বচ্ছ সরোবর;  
তোমাকে দেইনি ফুল, দেইনি ফুলের  
কোনো মালা  
তোমার মালার জন্য হৃদয়ে চেয়েছি আমি  
নিরিবিলা ফোটাতে বকুল।

87.  
FOR YOU  
তোমার জন্য

I never carried in my two hands  
Merry gold or Roses for you  
I myself have bloomed secretly  
The lotus called heart;  
I never laid out any  
Soft carpet for you -  
I wanted myself to be the grass carpet  
Perfect for your feet!  
I never searched for any pure water  
For quenching your thirst,  
I thought my heart will be  
The crystal clear brook;  
I never gave you flowers,  
Nor the garland of flowers.  
I wanted to bloom secretly  
The Bakul in my heart  
To be a flower in your garland.

৮৮.  
চিরসত্য

সে-কথা ভালোই জানি আমাদের হবে না কখনো  
আর বাসর রচনা  
হবে না গোপন অভিসার,  
দুজনে নিবিড় আলিঙ্গন  
উন্মুক্ত উদ্যানে কোনোদিন হবে না চুম্বন।  
পাস্তুরনাকের মতো দয়িতার শরীর জড়িয়ে  
বৃষ্টিতে হবে না হাঁটা,  
তোমার আমার মধ্যে দিনরাত্রির মতো  
এই যে দূরত্ব, তা-ই সত্য;  
হবে না কখনো আমাদের যৌথজীবন  
হবে না নিশীথে কোনো স্বপ্নোদ্যানে  
আনন্দভ্রমণ।

হয়তো হবে না খুব মুখোমুখি বসা  
অপলক তোমাকে তাকিয়ে দেখা,  
হয়তো হবে না গাওয়া দুজনে এক  
অন্তহীন নিঃশব্দ সঙ্গীত  
তবুও আমরা খুব ভালোবাসি  
একথা মিথ্যে নয়,  
একথাও ওই দিনরাত্রির মতোই সত্য, চিরসত্য।

৪৪.

THE UNIVERSAL TRUTH

চিরসত্য

We will not be able to  
Create our own world  
I know it all too well  
Well never go out on a love tryst  
And in an open yard  
Lock ourselves in a deep embrace  
And a long passionate kiss.  
I'll never be able to walk in the rain  
Holding you, like the beloved like Pasternak  
The distance between you and me  
Is the only truth  
Never can we go on a pleasure trip  
To a dreamland at night  
Well not be able to sit face to face  
To look at you with steadfast gaze  
We'll not be able to sing together  
A never-ending silent song  
Still we love each other  
That is not untrue,  
This is the untruth  
Like the day and night  
The universal truth.

৪৯.

আমার দুচোখে

সকলের চোখে নেমেছে মদির ঘুম  
আমার দুচোখ জুড়ে অনিদ্রার কাঁটা;  
কতো রাত আমাকে জাগিয়ে রাখে একটি সামান্য শব্দ

তার খোঁজে কেটে যায় প্রহরের পর সুদীর্ঘ প্রহর,  
সুফি দরবেশ যেমন থাকেন বসে অনন্তের ধ্যানে।

কোনোদিন হয়তোবা একফোঁটা অশ্রু-জল  
আমার চোখের কোণে সারারাত জমা হয়ে থাকে,  
কোনোদিন ঘুমাতে দেয় না  
একটি সঠিক শব্দ খুঁজে না পাওয়ার দুঃখ;  
মুগ্ধ শিকারীর মতো ধাবমান হরিণের পিছু ছুটে  
অবশেষে তীরবিদ্ধ করি হৃদয় নামক  
এই নিভৃত কোমল স্থানটিকে-

ক্ষতস্থান থেকে অবিরল ঝরতে থাকে রক্তধারা  
ক্রমাগত দীর্ঘশ্বাস উঠতে থাকে বুকের গভীর থেকে,  
এই অবিশ্রান্ত রক্তধারা আর তপ্ত দীর্ঘশ্বাস  
আমাকে জাগিয়ে রাখে কতো লাস্যময় রাত!  
একটি হারানো খিম কতো রাত আমাকে জাগিয়ে রাখে একা  
একটি বিস্মৃত শব্দ, ভুলে যাওয়া একটি লাইন  
এভাবে কতো যে রাত্রি আমাকে কাঁদায়-  
একটি শব্দের জন্যে জোড়হাত করে বসে থাকি  
আকাশের কাছে;  
মাঘনিশীথের শিশির-জড়ানো তৃণ-উদ্ভিদের কাছে  
কোনো স্বর্ণচাঁপা, ব্যথিত বকুল  
কিংবা চিরপ্রবাহিণী নদীটির কাছে-  
এইভাবে সারারাত একটি শব্দের জন্যে মোনাজাত করি।  
ভাঙাইনে কারো ঘুম, গোলাপের গাঢ় নিদ্রা  
কোকিলের রাত্রির বিশ্রাম,  
সকলের চোকে নামে শান্তি ও স্বস্তির স্নিগ্ধ ঘুম  
আমার দুচোখে এই অনিদ্রার কাঁটা ও কাঁকর।

89.

IN MY TWOEYES

আমার দুচোখে

Intoxicating sleep has come to everybody's eyes  
In my twoeyes there is thorn of sleeplessness;  
Only one word keeps me awake  
Many a night.  
Moments after long moments pass by  
In search of her,  
The way a Sufi, saint meditates.  
May be a tear drop forms in my eye  
Some time in the night  
The sorrow of not finding out  
A perfect word -  
Does not allow me to sleep;  
I throw an arrow at this poet-soul



Which is a solitarily Baul-self  
Like an enchanted hunter following the  
Running deer -  
The blood starts flowing continuously  
Deep breaths rise continuously  
This constant flow of blood  
And this hot breath  
Keep me awake  
Through so many enchanting nights!  
One by-gone theme keeps me awake  
For many a night  
One forgotten word, one forgotten line  
Makes me cry  
For many a night  
I keep waiting with folded palms, praying to the sky  
For only a word;  
In this way I keep praying for a word -  
To the dew bathed leaves of grass  
Of chilling winter nights  
Some merrygold, pain-stricken Bakul  
Or the ever-flowing river.  
I have not disturbed anybody's sleep,  
The sound sleep of the roses,  
The resting moments of the cuckoo at night,  
The peaceful, sound sleep comes to  
Everybody's eyes  
In my twoeyes there is the thorn of sleeplessness

৯০.

আমার নিভৃত গান

ভুমি কি পাওনি এই গরিবের  
নিভৃত মালাটি  
যা আমি তোমার জন্য দীর্ঘ রাত জেগে  
গেঁথেছি একলা বসে,  
একটি একটি করে আমার হৃদয়  
করেছি চয়ন;  
আলোকিত সুফিদরবেশ  
যেভাবে তসবী করেন জপ  
কিংবা জপমালা হাতে নিয়ে  
ধ্যানমগ্ন থাকেন বসে  
সিদ্ধপুরুষ  
আমিও তেমনি কতো কোজাগরী  
পূর্ণিমার রাত  
শবেবরাতের সৌভাগ্য রজনী

তোমার ধ্যানেই কাটিয়ে দিলাম...

তোমারই জন্য সমর্পণ  
করলাম আমি হৃদয়কুসুম  
তুমি কি পেলে না এই গরিবের একটিও  
সামান্য বকুল,  
একগুচ্ছ স্বর্ণচাঁপা কিংবা এই  
ভোরের শিউলি কোনো-  
তোমারই জন্য পুষ্পময় করে তুলি  
আমার হৃদয়;  
করি এই আলোকসজ্জা, সাজাই আঙিনা  
কেউ তো জানে না কেবল তোমার জন্য  
এভাবেই কাটিয়ে দিই কতো লক্ষ বিনিদ্ৰ রজনী!  
তুমি কি পাওনি গরিবের একটিও  
ফুল, একটিও মালা  
প্রাণের অর্ঘ্য,  
তুমি কি শোনোনি একবারও  
আমার এই  
হৃদয়মথিত কান্না, নিভৃত গজল!

90.

MY SOLITARY SONG

আমার নিভৃত গান

Haven't you got the silent garland  
From this poor fellow -  
Which I have made  
Keeping awake for so many nights alone  
I have made up my mind bit my bit;  
I passed the moonlit night,  
The lucky nights of Shab-e-barat  
At your meditation -  
The way enlightened men  
Praise the creator  
I have dedicated the roses of my heart  
Haven't you got any Bakuls  
From this poor-fellow,  
A bunch of merry gold or the morning's Jasmine  
I make my heart flowery  
Only for you;  
Make this illumination,  
Decorate the yard.  
Nobody knows how I pass this way  
Thousands of sleepless nights  
Only for You!  
Haven't you got any flower, any garland

The precious payers of my heart,  
Haven't you heard once  
My heart broken cry;  
My solitary Song!

৯১.

অভিজ্ঞতা

যেখানে যাই কোথাও নাই  
অতল গভীরতা,  
এই জীবনে ঘুরে ফিরে  
একই অভিজ্ঞতা।  
চিরটাকাল  
সোঁতা ও খাল-  
কোথাও নাই একটুখানি  
ডোবার স্বাধীনতা;  
বুকের মধ্যে খাঁ খাঁ দুপুর  
চেতালি স্বক্ৰতা।  
তবু শুধুই ইচ্ছে করে  
জলের কাছে যাই,  
যদি কোনো জলাশয়ের  
স্নিগ্ধ ছায়া পাই;  
ভিজিয়ে দেই  
তাহলে এই  
গ্রীষ্মে পোড়া সত্তা আমার,  
দন্ধ দেহটাই।  
কিন্তু এই পুরনো নদী, পুরনো হ্রদ,  
পুরনো ইতিকথা,  
যেখানে যাই ঘুরে ফিরে  
একই অভিজ্ঞতা।

91.

EXPERIENCE

অভিজ্ঞতা

Where ever I go there is no depth,  
Experiences are the same  
In this life.  
Life-long there is mist and moisture  
There is not any freedom  
To sink freely ;  
There is a piercing thirst.  
There is an empty summer in my heart

Still, I want to go only  
To the water,  
If I get the tranquil softness and shade  
Of any water;  
I can water my sulen soul  
My charred body.  
But this old river, old lake  
Ancient mythology  
Where ever I go the experiences  
Are the same.

৯২.

তুমি ফিরে না তাকালে

তুমি ফিরে না তাকানোর অর্থ  
দুইচোখের গভীর তমসমা  
সহসা চাঁদের বুকো কালো মেঘ, সূর্যাস্তের ছায়া;

তুমি ফিরে না তাকালে, এভাবে ফিরিয়ে  
নিলে মুখ,  
আকাশে কয়েক লক্ষ মাইল বেগে  
বয়ে যায় সামুদ্রিক ঝড়-  
মাথার ওপর দিয়ে উড়ে-যাওয়া হলুদ পাখিটি  
বন্দী হয় শিকারীর হাতে,  
একযোগে ঝরে পড়ে সমস্ত গোলাপ, স্বর্ণচাঁপা।

তোমার ফিরে না তাকানোর অর্থ  
থেমে যাওয়া নদীর কল্লোল  
নাচঘরে নাচের তরঙ্গ;  
এভাবে আমার প্রতি তোমার বিমুখ হওয়ার অর্থ  
সব প্রীতি আর স্নেহের বন্ধন  
চিরতরে ছিন্ন হয়ে যাওয়া।

তোমার ফিরে না তাকানোর অর্থ  
আমার চোখের কোণে চাঁদ  
ডুবে যাওয়া  
নেমে আসা চিররাত্রি  
চিরঅন্ধকার।

92.

IF YOU DO NOT LOOK BACK

তুমি ফিরে না তাকালে

When you do not look back

It means there is dark deep darkness  
In my two eyes,  
There is the sudden dark cloud in the heart of the moon  
And the shadow of the sun-set;  
When you do not look back,  
Turning your face from me,  
The oceanic storms break out  
Lashing the sky at great speed  
The yellow bird flying over the head  
Becomes captive in the hand  
Of the cruel hunter,  
All the roses and merrygold  
Start to wither and fall.  
When you do not look back  
The river stops its flow  
And its music stills  
And the dance hall turns empty.  
When you do not look back  
All the bonds of love and affection  
Break forever  
When you do not look back  
My heart becomes lonely  
The child loses the worm lap of mother  
And my sigh becomes long and painful.  
When you do not look back  
The full moon sinks in the corner of my eyes  
And eternal night descends  
Coming down the ever nights  
The ever long darkness.

৯৩.

আমি কখনো চাই না

আমি চাই না কোথাও কোনো রক্তপাত, খুন  
চাই না হত্যার ছুরি, বিভীষিকা, মৃত্যু-মহামারী,  
আমি চাই না উজাড় হোক কোনো বনাঞ্চল  
রুদ্ধ হোক বৃক্ষের ছায়া; আমি কখনো চাই না  
এই নির্দয় মানুষের হাতে বন্দি হোক বন্য পশুপাখি;  
আমি চাই না কখনো মানুষের হাতে কেউ শিকল পরাক,  
চাই না কখনো ভালোবাসা হারিয়ে মানুষ হোক নিঃস্ব-কাঙাল

93.

NEVER DO I WANT

আমি কখনো চাই না

I do not want any blood-shed, murder anywhere  
I do not want the butcher's knife, nightmare, death,

drought  
I don't want any forest to disappear  
The shade of trees to dry up;  
Never do I want.  
Wild birds to be caged  
By heartless people;  
Never do I want  
Anyone to put shackles on others  
Never do I want  
That man may become destitute losing love.

৯৪.

যতোদিন বাঁচি গোলাপ ফোটাৰো

তোমরা অমৃত নাও, আমি সংসারের সব বিষ নেবো  
আমি নেবো কাঁটার আঘাত, গোলাপ তোমরা নাও,  
তোমরা নাও সবুজ উদ্যান, শূন্যতা আমার থাক  
আমি সংসারের সব অশ্রু-জল, বিষকাঁটা নেবো।

আমার চাই না কোনো রম্য মরুদ্যান  
আমি খাঁ খাঁ মরুভূমিতেই আনবো বর্ষার মেঘ,  
আনবো বৃষ্টির ছায়া, স্নিগ্ধ বনভূমি  
যতোদিন বাঁচি এই বুকু আমি গোলাপ ফোটাৰো।

তোমরা দুহাত ভরে নাও, আমি থাকি শূন্যহাতে  
আমি সব দীর্ঘশ্বাস কেবল বহন করি একা,  
বুকু সমস্ত পাথর আমি রাখি, রাখি সব দুঃভার  
তোমরা অমৃত নাও, বুক ভরে অনন্ত সুবাস।

তোমরা অমৃত নাও, আমি নেবো সংসারের বিষ,  
যতোদিন বাঁচি এই অগ্নিতেও গোলাপ ফোটাৰো।

94.

I WILL BLOOM ROSES ALL MY LIFE  
যতোদিন বাঁচি গোলাপ ফোটাৰো

You take nectar, I will take life's poison  
I will take the pain of thorn,  
You take the roses,  
You take the green field,  
Let the emptiness be mine.  
I will take the tears of life,  
The poisonous thorn.  
I don't want any soothing oasis.  
I will bring the clouds of monsoon

In the hot desert  
I will bring the shade of trees,  
The soft woods  
I will bloom roses life-long  
In my heart.  
You take every thing, I stay empty handed.  
I will carry all the sighs alone.  
I will keep all the burdens in my heart,  
All the burdens of sorrow  
You take nectar, a bosom-full of eternal essence.  
You take nectar, I will take the poison of life,  
I will bloom roses life-long in this fire.

৯৫.

প্রিয় নারী

কে আমার প্রিয় নারী? হৃদয়েশ্বরী কে আমার?  
কাকে ধ্যান করি আত্মমগ্ন ধ্যানীর মতোন আমি,  
কার জন্য পৃথিবীর শ্রেষ্ঠ প্রেমের কবিতা হয়  
আমার হৃদয়? কার জন্য এতো স্বপ্ন দুই চোখে?  
কার জন্য পাণ্ডুলিপি ভরে ওঠে কানায় কানায়  
কে আমার সেই প্রিয় মুখ, সেই প্রিয়তমা নারী?

কে আমার সেই সুখস্বপ্ন, মনে হলে যার মুখ  
এখনো আবেগে প্রসারিত হয় বুক, উদ্ভাসিত  
হয়ে ওঠে হৃদয় আনন্দে, কেমন উজ্জ্বল হয়  
এই চোখ, তপ্ত বুকো নেমে আসে গহন বরষা।

আমি কি পেয়েছি তার দেখা, চাম্ফুস দেখেছি তাকে,  
শুনেছি কি তার প্রিয়বাক্য? কিছুই পড়ে না মনে  
কে আমার প্রিয় নারী? সে কি শকুন্তলা, দেবযানী?  
কোনো দেবী না মানবী? মনে মনে গড়ি সে প্রতিমা।

95.

DEAR WOMAN

প্রিয় নারী

Who is my dear woman?  
Who is the queen of my heart?  
Who is the one I meditate on  
Like a self-effacing devotee  
For whom my heart becomes  
The best love poem of the world?  
For whom all these dreams  
Crowd my two eyes?

For whom my manuscript becomes  
Full with brimming words.  
Who is that favourite face of mine,  
That beloved woman?  
Who is my happy dreams  
My heart still fills up with emotions  
As I think of her,  
My heart lights up with joy,  
How bright, these eyes become.  
Heavy rain fall  
In this heated bosom.  
Have I met her? seen her,  
Heard her favourite sentences?  
I cannot remember anything  
Who is my dear woman?  
Is she Sakuntala, Debjani?  
Any goddess or woman  
I build up that image  
In my mind.

৯৫.

প্রিয় নারী

কে আমার প্রিয় নারী? হৃদয়েশ্বরী কে আমার?  
কাকে ধ্যান করি আত্মমগ্ন ধ্যানীর মতোন আমি,  
কার জন্য পৃথিবীর শ্রেষ্ঠ প্রেমের কবিতা হয়  
আমার হৃদয়? কার জন্য এতো স্বপ্ন দুই চোখে?  
কার জন্য পাণ্ডুলিপি ভরে ওঠে কানায় কানায়  
কে আমার সেই প্রিয় মুখ, সেই প্রিয়তমা নারী?

কে আমার সেই সুখস্বপ্ন, মনে হলে যার মুখ  
এখনো আবেগে প্রসারিত হয় বুক, উদ্ভাসিত  
হয়ে ওঠে হৃদয় আনন্দে, কেমন উজ্জ্বল হয়  
এই চোখ, তপ্ত বুকো নেমে আসে গহন বরষা।

আমি কি পেয়েছি তার দেখা, চাম্ফুস দেখেছি তাকে,  
শুনেছি কি তার প্রিয়বাক্য? কিছুই পড়ে না মনে  
কে আমার প্রিয় নারী? সে কি শকুন্তলা, দেবযানী?  
কোনো দেবী না মানবী? মনে মনে গড়ি সে প্রতিমা।

৯৬.

মনে পড়ে



এখন শুধু মনে পড়ে আর মনে পড়ে  
মনে পড়ে মেঘ, মনে পড়ে চাঁদ,  
জলের ধারা কেমন ছিলো-

সেসব কথাই মনে পড়ে;

এখন শুধু মনে পড়ে, নদীর কথা মনে পড়ে,  
তোমার কথা মনে পড়ে,  
এখন এই গভীর রাতে মনে পড়ে  
তোমার মুখ, তোমার ছায়া,  
তোমার বাড়ির ভেতর-মহল,  
তোমার উঠোন, সন্ধ্যাতারা

এখন শুধু মনে পড়ে, তোমার কথা মনে পড়ে;

তোমার কথা মনে পড়ে  
অনেক কথা মনে পড়ে,  
এখন শুধু মনে পড়ে, এখন শুধু মনে পড়ে;

এখন শুধু মনে পড়ে আর মনে পড়ে  
আকাশে মেঘ থেকে থেকে  
এখন বৃষ্টি বৃষ্টি ঝরে।

96.

I REMEMBER

মনে পড়ে

Now only I remember and remember  
I remember the clouds,  
I remember the moon,  
And the flow of water-how it was-  
All those things I remember;  
Now only I remember, I remember the river,  
I remember you,  
Now in the middle of night  
I remember your face, your shadow,  
The inner courtyard of your house.  
Your yard, the evening star.  
Now only I remember, I remember you;  
I remember you  
I remember so many things,  
Now only I remember, I remember you  
I remember you  
I remember so many things  
Now only I remember, now only I remember ;  
Now only I remember and remember

The clouds of the sky start  
To fall as rain.

৯৭.

কবিকে দুঃখ দাও, দণ্ড দিও না

বড়োই কোমল এই কবির হৃদয়  
কেন যে সেখানে এতো রক্তপাত হয়,  
ঝড় ওঠে, মেঘ জমে বৃষ্টি নেমে আসে  
গভীর আঁধার নামে কবির আকাশে!  
কবিকে দিও না ফুল, দিও না উদ্যান  
দিও না সান্নিধ্য তাকে, একমুষ্টি ধান  
কবিকে থাকতে দাও দূরে আরো দূরে  
বিশ্বাদ বিছাক শয্যা তার অন্তঃপুরে।

কবিকে দিও না সুখ, দিও ভালোবাসা  
দিও না স্বর্ণমুদ্রা, জাগাও পিপাসা,  
কবিকে পুড়তে দাও, ভস্ম হতে দাও  
কবির অগ্নিতে করো ঘটাহতি, নাও  
তার ঘরবাড়ি, এই দাম্পত্য সংসার  
আবার সন্ন্যাসী করো কবিকে তোমার,  
কবিকে দিও না সুখ, তাকে দুঃখ দিও  
কেবল শূন্যতা দিও, শূন্য হাত দিও।

কবিও মানুষ তার দুঃখ জমে বুক  
কবিও থাকতে চায় স্বাচ্ছন্দ্য ও সুখে,  
সন্তানের গালে সেও চুমু খেতে চায়  
হাতছানি দিয়ে স্বপ্ন তাকে ডাকে, আয়।  
কবিও মানুষ তার লোভমোহ আছে  
দুহাত বাড়িয়ে সেও তাই টানে কাছে,  
কবির ধরো না দোষ, ক্ষমাঘোষা করো  
দণ্ড দেয়ার আগে পঙ্ক্তি দুটি পড়ো।

97.

GIVE GRIEF TO THE POET BUT NOT PUNISHMENT

কবিকে দুঃখ দাও, দণ্ড দিও না

This poet's heart is very soft.  
Why then so much blood is spilled there  
And clouds gather, storm breaks rain falls  
And a deep darkness engulf's the poets sky?  
Don't give flowers to the poet, no garden  
Don't give him company, a handful of rice

Let him lie alone in a far-away land  
Let melancholy be his bed in his courtyard.  
Don't give happiness to the poet, give love  
Don't give gold coin, but give him thirst,  
Let the poet be burned, turn into ashes  
Let the poet's fire burn fiercely  
Take back his home, conjugal life  
Make your poet bohemian again;  
Don't give happiness to the poet give him sorrow.  
Give only emptiness, give an empty hand,  
A poet is also human  
He has a deep grief in his heart  
A poet also wants to stay in happiness and comfort.  
He also wants to kiss his child  
Dreams beckon him and tell him- come!  
The poet is also human,- he has greed, fascination.  
He also pulls people to him,  
Don't find guilt of the poet, forgive him.  
Read these two verses  
Before giving punishment.

৯৮.

তুমি আমার শান্তিনিকেতন

এই মরুভূমির মধ্যে তুমিই আমার  
শান্তিনিকেতন  
তুমিই আমার অথই শ্রাবণ;  
তোমার চোখেই দেখি নববরষার  
স্নিগ্ধ জলধারা-  
দেখি সবুজ শস্যের স্বপ্ন,  
তোমার দিকেই চেয়ে ফিরে পাই  
জীবনের আলো-  
না হলে কবেই হারিয়ে ফুরিয়ে  
আমি যেতাম কোথাও,  
হয়তো যেতাম মিশে পথের ধূলায়।  
তুমিই আমার মুগ্ধ তপোবন  
ছায়াতরু, জাহ্নবী-সমুদ্র  
তোমার দুচোখে আমি ভবিষ্যৎ পৃথিবীর  
স্বপ্ন দেখি শুধু।  
এই দক্ষ মরুর ভেতর মাত্র তুমিই  
আমার শান্তিনিকেতন,  
হৃদয়মথিত রবীন্দ্রসঙ্গীত  
তুমিই আমার অষ্টমীর পুণ্যস্থান,  
যুগল পূর্ণিমা;

তুমিই আমার ভরা বর্ষার নদী,  
শরদ আকাশ,  
তোমার মুখের দিকে চেয়ে বুক ভরে  
এই পৃথিবীকে ভালোবাসি আমি ।

98.

YOU ARE MY HOME OF PEACE

তুমি আমার শান্তিনিকেতন

You are my home of peace  
In this desert  
You are my deep monsoon;  
I see the soft rainfall of new monsoon  
In your eyes-  
I see dreams of green crops,  
I get back the light of life  
Looking at you  
Else,  
I would've lost myself long ago  
May be I would turn to  
The dust of the road.  
You are my enchanted hermitage  
My shade-tree, Jhannabi-Jamuna.  
I see the dreams of future  
Only in your two eyes  
You are my only home of peace  
In this arid desert,  
Heart-touching Tagore song  
Your are my holy-bath of Ashtami;  
The night of the paired moon.  
You are my river of deep monsoon,  
The sky of autumn,  
Looking at your face  
I can love this world.

৯৯.

চাইনি কেন

তোমার কাছে চাইনি কেন ভালোবাসার জোরে  
জন্মদুখীর বুকখানি দাও ভালোবাসায় ভরে।

চাইনি কেন তোমার কাছে বিদায় নেয়ার ক্ষণে  
আমায় তুমি জড়িয়ে রাখো নিবিড় আলিঙ্গনে।

তোমার কাছে চাইনি কেন চাইনি আমি প্রিয়ে

লজা ঢাকো আমার তুমি শরীরখানি দিয়ে।

চাইনি কেন তোমার কাছে বাড়িয়ে দুটি হাত  
আমাকে দাও ভালোবাসার সহস্র দিনরাত।

তোমার কাছে চাইনি কেন চাওয়ার মতো করে  
পরাজিতের মুখখানি চুম্বনে দাও ভরে।

99.

WHY DIDN'T I WANT

চাইনি কেন

Why didn't I want from you  
By the force of my love  
That you give endless love to the heart  
Of this born-destitute  
Why didn't I want from you  
At the time of my farewell  
To embrace me with a passionate hug  
Why didn't I want that from you.  
I didn't want my love  
To cover my shame with your body.  
Why didn't I want from you  
Spreading my two hands  
To give me a thousand day and night of love  
Why didn't I want from you properly  
To give endless kisses on this defeated face.

১০০.

অনন্ত বিদায়

কেউ কি ফিরে পায়  
জীবনে যা হারায়?  
জীবন তবু নদী  
বহিছে নিরবধি;  
জীবন একখানি  
গ্রন্থ আসমানী,  
কোথায় শুরু শেষ  
কে জানে এক লেশ;

তবুও দিনরাত  
ছুটিছে জলপ্রপাত,  
সময় অবিরাম  
লেখে ও মোছে নাম;

কাকে কে ফিরে পায়  
চোখের জলে হয়,  
জীবন যাকে হারায়  
অনন্ত সে বিদায়।

100.

ETERNAL FAREWELL

অনন্ত বিদায়

Can anyone get back  
The lost things of life?  
Even then life is a river  
Which flows forever,  
Life is a sky-coloured book,  
Who knows how where it began  
And where it ends.

Even then the water falls  
Cascade down day after day  
Time writes and erases many names

Who gets back whom  
In return of tears,  
When life loses anyone  
That is the eternal farewell.